



# Yjg^jxT\_ 'vR e'e'vcbvi gvb`Ê I vb†`kKv



পরিবেশ অধিদপ্তর

ঢাকা, বাংলাদেশ

ফেব্রুয়ারী ২০১৫



Yjg^jxT\_`~vR e`e`vcbvi  
gvb`Ê I vb†`@kKv

পরিবেশ অধিদপ্তর  
ঢাকা, বাংলাদেশ

ফেব্রুয়ারী ২০১৫

# বাংলাদেশ স্ৰাজ ব্যবস্থাপনার মানদণ্ড ও নির্দেশিকা

## প্রকাশক

পরিবেশ অধিদপ্তর

পরিবেশ ও বন মন্ত্রণালয়

## প্রকাশকাল

ফেব্রুয়ারী ২০১৫

## সম্পাদনা কমিটি

মোঃ শাহজাহান, যুগ্ম মহাপরিচালক (পিআরএল), পরিবেশ অধিদপ্তর

ড. মোঃ সোহরাব আলী, উপ-পরিচালক (পানি ও জীব), পরিবেশ অধিদপ্তর

সৈয়দ নাজমুল আহসান, উপ-পরিচালক (পরিবেশ বিষয়ক অনুমোদন), পরিবেশ অধিদপ্তর

এল্কে শ্রেষ্ঠা, সিনিয়র উপদেষ্টা, জিআইজেড

তনুজা ভট্টাচার্য, সিনিয়র পরিবেশ উপদেষ্টা, জিআইজেড

## নির্দেশিকা উন্নয়ন ও সংকলন

ড. স্টেফানি বুডেউইগ

প্রফেসর ড. পিটার হার্টউইগ

## কনসেপ্ট, ডিজাইন ও মুদ্রণ

পরিবেশ অধিদপ্তর

জিআইজেড

আইএসবিএনঃ ৯৭৮-৯৮৪-৩৪-০৮৫৮-৭

ওয়েবসাইটঃ [www.doe.gov.bd](http://www.doe.gov.bd)

## বাণী

---

উন্নয়নের লক্ষ্যে 'প্রথমে প্রবৃদ্ধি, পরবর্তীতে শোধন' – শীর্ষক পন্থাটি ব্যয়বহুল হিসাবে প্রমাণিত। অন্যান্য উন্নত ও উন্নয়নশীল দেশের মতো বাংলাদেশও এই একই পন্থা অনুসরণ করে এসেছে। বিশ্বে এখন প্রবৃদ্ধি সংক্রান্ত একটি নতুন ধারণার অবতারণা ঘটেছে। সেটি হলো 'সবুজ প্রবৃদ্ধি'। অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দূষণ নিয়ন্ত্রণের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ একই সাথে সংঘটিত করে ন্যূনতম ব্যয়ে এ ধরনের টেকসই প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব।

জনসংখ্যা বৃদ্ধি ও শিল্প প্রতিষ্ঠানসমূহের বৃদ্ধির কারণে নর্দমা স্লাজ এবং শিল্প প্রতিষ্ঠান থেকে উদ্ভূত স্লাজও ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। মানব স্বাস্থ্য ও পরিবেশ উভয়ের জন্যই স্লাজ অত্যন্ত ঝুঁকিপূর্ণ ও ক্ষতিকর একটি উপাদান। বর্তমানে শিল্প ও শহরাঞ্চলের বর্জ্য থেকে উৎপন্ন ও পরিমাণে ক্রমবর্ধমান স্লাজ বিশৃঙ্খলভাবে ডিসপোজাল বা নিষ্কাশন করা হচ্ছে।

আমাদের অস্তিত্ব ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশের নিরাপত্তা আমাদের জন্য প্রথম উদ্বেগের বিষয়।

কষ্টসাধ্য হলেও নিরাপদ স্লাজ ডিসপোজাল ও ব্যবস্থাপনার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা জরুরী। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধনী ২০১০) অনুযায়ী স্লাজের যথোপযুক্ত ব্যবস্থাপনা বাধ্যতামূলক।

এই নির্দেশিকাটি বিভিন্ন প্রকারের স্লাজের নিরাপদ ডিসপোজালের মাধ্যমে পরিবেশের কল্যাণ সাধন করবে।



ড. কামাল উদ্দিন আহমেদ  
সচিব  
পরিবেশ ও বন মন্ত্রণালয়



## ভূমিকা


স্লাজ একটি ক্ষতিকর উপাদান যা মাটি, বায়ু, এবং জলজ পরিবেশসহ মানবস্বাস্থ্যের ক্ষতি সাধন করে। এটি বিভিন্ন উৎস ও পণ্য থেকে উদ্ভূত নানাবিধ বিষাক্ত দ্রব্য সমৃদ্ধ একটি জটিল উপাদান। জনসংখ্যা বৃদ্ধি, শিল্পোন্নয়ন এবং শহর এলাকার বিস্তৃতি লাভের সাথে সাথে শিল্পোদ্ভূত ও পৌর স্লাজের পরিমাণ ভীষণভাবে বৃদ্ধি পাচ্ছে যা পরিবেশের উপর গভীর ও নেতিবাচক প্রভাব ফেলছে। এ কারণেই স্লাজের বিষাক্ত উপাদানসমূহের প্রকৃতি নির্ণয় ও এর সুষ্ঠু নিষ্কাশন বা ডিসপোজালের জন্য আইনী পদক্ষেপ নেয়া অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়েছে। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধনী ২০১০) অনুযায়ী স্লাজের যথোপযুক্ত ব্যবস্থাপনা বাধ্যতামূলক।

বর্তমানে এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ইটিপি) স্থাপন যেমন বৃদ্ধি পাচ্ছে তেমনি ইদানীং তা আধুনিকও হয়ে উঠছে। যে সমস্যাটি বিচক্ষণতার সাথে বিবেচনা করতে হবে তা হলো বিচিত্র ট্রিটমেন্ট প্ল্যান্টসমূহের সুদক্ষ ও পরিবেশবান্ধব পরিচালনা ও ব্যবস্থাপনা। স্লাজের প্রক্রিয়াকরণ বা প্রসেস করার সময় লক্ষ্য রাখতে হবে যাতে শুধুমাত্র দূষণের গতিপথ পরিবর্তনের ফাঁদে পড়ার মাধ্যমে পানি, মাটি ও বায়ুর উপর ক্ষতিকর প্রভাব না ফেলা হয়। উপযুক্ত ট্রিটমেন্ট/ডিসপোজালের প্রবাহপথ নির্দিষ্ট করা অত্যন্ত জরুরী।

এই নির্দেশিকাটি স্লাজ ব্যবস্থাপনার সকল ক্ষেত্র সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করবে। তরলবর্জ্যের উৎস নির্বিশেষে স্লাজের শ্রেণীবদ্ধকরণ, ব্যবস্থাপনা, ব্যবহার বা ডিসপোজালে জড়িত বা পানি ও তরলবর্জ্য ট্রিটমেন্ট প্ল্যান্ট পরিচালনাকারী অথবা স্লাজ উৎপাদনকারী কেন্দ্রীয় ট্রিটমেন্ট প্ল্যান্ট পরিচালনাকারী – সকলের উদ্দেশ্যেই এই নির্দেশিকাটি প্রণয়ন করা হয়েছে। নির্দেশিকাটিতে স্লাজ ট্রিটমেন্ট ও ব্যবস্থাপনার বিভিন্ন প্রক্রিয়া ও পস্থা বর্ণনা করা হয়েছে। এতে তিনটি অধ্যায় রয়েছে। এগুলো হলো : (১) স্লাজের শ্রেণীবদ্ধকরণ ও ব্যবস্থাপনার জন্য আবশ্যিকীয় বিষয়সমূহ (২) স্লাজের শ্রেণীবিভাগ ও (৩) স্লাজ ব্যবস্থাপনার পস্থাসমূহ।

কিছু নির্দিষ্ট সম্ভাব্য অত্যন্ত জটিল প্রশ্নের ব্যাপারে সাধারণভাবে প্রাপ্য উৎসসমূহের নাম হ্যান্ডবুকে উল্লেখ করা হয়েছে যাতে আরো বিস্তারিত তথ্য পাওয়া যাবে। স্লাজ ট্রিটমেন্ট ও ব্যবস্থাপনার কিছু উত্তম পস্থা এবং আইনী নির্দেশনাও এতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই গুরুত্বপূর্ণ নীতিমালা প্রণয়ন ও উন্নয়নে অংশগ্রহণকারী, সমালোচক, সহায়তাকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।



মোঃ রইসুল আলম মগল  
মহাপরিচালক  
পরিবেশ অধিদপ্তর







## শব্দসংক্ষেপ

AOX	=	এবজোবর্ড অরগানিক্যালী বাউন্ড হ্যালোজেন
BPLSA	=	ব্রিলিয়ান্ট গ্রীন-ফেনল রেড-স্যাকারোজ-অ্যাগার
BTEX	=	বেনজোল, টলুওল, ইথাইলবেনজোল এবং অর্থোজাইলল
CETP	=	কেন্দ্রীয় বর্জ্য শোধনাগার
DAE	=	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
DG	=	মহাপরিচালক
DOC	=	দ্রবীভূত জৈব কার্বন
DoE	=	পরিবেশ অধিদপ্তর
DM	=	শুষ্ক বস্তু
DS	=	শুষ্ক উপাদান
ECA	=	পরিবেশ সংরক্ষণ আইন
ECD	=	ইলেকট্রন ক্যাপচার ডিটেক্টর
ECHA	=	ইউরোপীয় কেমিক্যাল এজেন্সী
MFSU	=	উৎপাদন, প্রস্তুতি, সরবরাহ এবং ব্যবহার (এমএফএসইউ)
MID	=	মাল্টিপল আয়ন ডিটেকশন
MKW	=	Petroleum-derived hydrocarbon
m <sub>T</sub>	=	শুষ্ক বস্তু
PAK	=	Polycyclic aromatic hydrocarbons
PCB	=	Polychlorinated biphenyl
RR	=	পুনরুদ্ধার হার
SRDI	=	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট
TBA	=	ট্রেট্রাবিউটাইল অ্যামোনিয়াম হাইড্রোজেনসালফেট
TE	=	সমতুল্য বিষাক্ততা
TCDD	=	২,৩,৭,৮ - টেট্রাক্লোরোডাইবেনজোডাইঅক্সিন - এক ধরনের ডাইঅক্সিন
TOC	=	মোট জৈব কার্বন
XLD	=	জাইলোজ-লাইসিন-ডেসোসাইকোলেট

## সূচীপত্র

অধ্যায় ১: স্লাজ ব্যবস্থাপনার আবশ্যিকীয় ও সাধারণ বিবেচ্য বিষয়াবলী	৮
সাধারণ বিবেচ্য বিষয়াবলী	৮
মান, নীতিমালা ও নির্দেশনাসমূহের পরিধি	৯
পরিভাষা সমূহের ব্যাখ্যা	১০
সাধারণ নির্দেশনাবলী	১১
স্লাজ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সাধারণ শর্তাবলী	১২
অধ্যায় ২: স্লাজের শ্রেণীবিভাগ	১৪
অধ্যায় ৩: স্লাজ ব্যবস্থাপনার পদ্ধতিসমূহ	১৮
৩.১ প্রাক-পরিশোধন	১৮
৩.২ স্লাজ ব্যবস্থাপনার পস্থাসমূহের সাধারণ আলোচনা	১৯
৩.৩ স্লাজ ব্যবস্থাপনার পস্থাসমূহের বর্ণনা (ডিজাইন প্যারামিটার বা মানদণ্ডসহ)	২০
৩.৩.১ অ্যানোরোবিক ডাইজেশন (জৈবগ্যাস পুনরুদ্ধার)	২০
৩.৩.২ অ্যানোরোবিক ডাইজেশন (কম্পোস্টিং)	২০
৩.৩.৩ কৃষিকার্যে ব্যবহার	২১
৩.৩.৪ নিয়ন্ত্রিত ল্যান্ডফিল	২১
৩.৩.৫ তাপীয় (সহ)-ভস্মীকরণ বা কো-ইনসিনারেশন	২৪
৩.৩.৬ ভূমিতে ব্যবহার বা ল্যান্ড অ্যাপ্লিকেশন	২৬
৩.৩.৭ পুনর্ব্যবহারের উপযোগী করা বা রিসাইকেল	২৬
৩.৪ এ ক্যাটেগরি-এর ব্যবস্থাপনা পস্থাসমূহ – সমতুল্য স্লাজসহ শহরাঞ্চলের স্লাজ	২৮
৩.৪.১ অধ্যায় ৩.৪-এর পরিসর	২৮
৩.৪.২. প্রয়োগযোগ্য অবস্থাসমূহ (কন্ডিশনস পারমিটিং অ্যাপ্লিকেশন)	২৮
৩.৪.৩. প্রয়োগ ও নিষেধাজ্ঞা	২৯
৩.৪.৪. প্রয়োগের পরিমাণ	৩২
৩.৪.৫ যাচাইয়ের প্রমাণ দাখিলের দায়বদ্ধতা	৩২
৩.৪.৬ প্রশাসনিক অপরাধসমূহ	৩৩
৩.৫ শিল্পোদ্ভূত বি ও সি ক্যাটেগরি স্লাজের ব্যবস্থাপনা পস্থাসমূহ	৩৫
৩.৫.১ পরিধি ও সাধারণ প্রয়োজনীয়তাসমূহ	৩৫
৩.৫.২ ফার্নিশ ভেরিফিকেশনের দায়বদ্ধতা	৩৫
৩.৫.৩ প্রশাসনিক অপরাধসমূহ	৩৬
৩.৫.৪ প্রাপ্য সর্বোত্তম প্রযুক্তির উদাহরণসমূহ (যেমন বস্ত্রশিল্প)	৩৬

<b>পরিশিষ্ট</b>	<b>৪২</b>
পরিশিষ্ট ১: অতিরিক্ত হাজার্ডযুক্ত বর্জ্য উৎপন্নকারী শিল্পসমূহ	৪২
পরিশিষ্ট ১ক: অতিরিক্ত হাজার্ডযুক্ত বর্জ্য উৎপন্নকারী শিল্পসমূহ	৪২
পরিশিষ্ট ১খ: অতিরিক্ত হাজার্ডযুক্ত উপাদান সমৃদ্ধ বর্জ্যসমূহ	৪৩
পরিশিষ্ট ২: হাজার্ডযুক্ত বর্জ্যের বৈশিষ্ট্যসমূহ ও বর্জ্য প্রবাহের তালিকা	৪৪
পরিশিষ্ট ২ক: হাজার্ডযুক্ত বৈশিষ্ট্যসমূহের তালিকা	৪৪
পরিশিষ্ট ২খ: বর্জ্য প্রক্রিয়ার তালিকা	৪৬
পরিশিষ্ট ৩: শহরাঞ্চলের তরলবর্জ্যের সাথে তুলনীয় শিল্প উদ্ভূত স্লাজ	৭৩
পরিশিষ্ট ৪: ডিসপোজাল ও রিকভারী অপারেশনের তালিকা	৭৪
পরিশিষ্ট ৫: স্যাম্পলিং, স্যাম্পল প্রস্তুতি এবং নর্দমা স্লাজ ও মাটির বিশ্লেষণ	৭৬
পরিশিষ্ট ৬: কৃষিতে স্লাজ ব্যবহারের ডকুমেন্টেশনের জন্য স্ট্যান্ডার্ড ফরম	১০০
পরিশিষ্ট ৭: জমির প্রচলিতভাবে ব্যবহারের জন্য উপযুক্ত জৈববর্জ্য / জৈব এবং খনিজ সমৃষ্টির তালিকা	১০৪
পরিশিষ্ট ৮: কৃষিতে প্রয়োগ করা হয় না এমন স্লাজের ডিসপোজাল বা ট্রিটমেন্টের ডকুমেন্টেশনের জন্য স্ট্যান্ডার্ড ফরম	১১০
<b>গ্রন্থপঞ্জী</b>	<b>১১২</b>
<b>নির্ঘণ্ট</b>	<b>১১৪</b>

## অধ্যায় ১: স্লাজ ব্যবস্থাপনার আবশ্যিকীয় ও সাধারণ বিবেচ্য বিষয়াবলী

### সাধারণ বিবেচ্য বিষয়াবলী

বাংলাদেশে স্লাজ ব্যবস্থাপনা নীতিমালা তৈরীর প্রধান উদ্দেশ্য হলো স্লাজ ব্যবস্থাপনার নেতিবাচক প্রভাব থেকে মানবস্বাস্থ্য ও পরিবেশকে যথাযথভাবে রক্ষা করা।

জাতীয় থ্রি-আর কৌশল-২ (National 3R Strategy-2) ও বাংলাদেশ বস্ত্রশিল্প বর্জ্য গবেষণা (Textile Sludge Study in Bangladesh) প্রতিবেদনের সুপারিশ এবং একইসাথে ফেজ ১-এর ডি.ডব্লিউ.এ. (DWA) মিশন প্রতিবেদন অনুযায়ী স্লাজ ব্যবস্থাপনা এই বর্জ্য-ব্যবস্থাপনা বা ওয়েস্ট ম্যানেজমেন্টের মূলনীতিগুলোকে অনুসরণ করে। বর্জ্য-ব্যবস্থাপনা-ক্রমের একটি গুরুত্বপূর্ণ নীতি হলো থ্রি-আর; অর্থাৎ রিডিউসিং, রিইউজিং ও রিসাইক্লিং, যার বাংলা করলে হবে-হ্রাসকরণ, পুনর্ব্যবহার ও পুনর্ব্যবহারের উপযোগী করা। এর ধারাবাহিকতায় শেষ ধাপ হবে নিষ্কাশন বা ডিসপোজাল। এর অর্থ হচ্ছে বর্জ্যের শেষ গন্তব্য নির্ধারিত (end-of-pipe facility) হওয়ার আগের এই থ্রি-আর নীতি ব্যবহার করা, যা নির্ভর করবে প্রযুক্তিগত ও পরিবেশগত সম্ভাব্যতা এবং বাস্তবতার উপর। বর্জ্য-ব্যবস্থাপনার এই নীতিমালার আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো বর্জ্যের প্রবাহকে তার উৎসস্থলেই পৃথক ও বিচ্ছিন্ন করে ফেলা; যা বর্তমানে জার্মানীসহ ইউরোপের বিভিন্ন দেশে প্রচলিত।

বাংলাদেশে স্লাজ ব্যবস্থাপনার কিছু চ্যালেঞ্জঃ

- বর্জ্যপ্রবাহগুলো পৃথক না থাকার ফলে বর্জ্যের জটিল মিশ্রণগুলো পৃথক করা কঠিন হয়ে পড়ে, এবং সে কারণে এগুলোর যথার্থ করণীয় বা নিষ্কাশনপথ নির্ধারণ করা জটিল হয়ে দাঁড়ায়।
- সকল রকমের সম্ভাব্য দূষক নির্ধারণ করা, বিশেষ করে শিল্প-কলকারখানার তরল বর্জ্যের ক্ষেত্রে এটা খুবই কঠিন একটা কাজ। এর সাথে বর্জ্যের পৃথকীকরণের ব্যয় বেশি হলে শিল্পক্ষেত্রে দূষক পদার্থের সীমার মাত্রার নিশ্চয়তা দেওয়া কঠিন হতে পারে, বিশেষ করে কিছু কিছু নিষ্কাশন পথের ক্ষেত্রে।
- পুনর্ব্যবহার ও পুনর্ব্যবহারের উপযোগী করা (রিইউজিং ও রিসাইক্লিং)-এর প্রযুক্তি দুষ্প্রাপ্য হতে পারে, অথবা এটা ব্যয়সাশ্রয়ী নাও হতে পারে, অথবা বর্জ্যের পরিমাণ বেশি হলে এর সক্ষমতা যথেষ্ট নাও হতে পারে, বিশেষ করে যেখানে স্লাজ সৃষ্টি হয়।
- বাংলাদেশে কিছু ধরনের নিষ্কাশন-সুবিধা, যেমন ভস্মীকরণ অথবা জমি ভরাটের সুবিধা না থাকা অথবা কিছু (হ্যাজার্ডযুক্ত) বর্জ্যের নিষ্কাশন-ব্যবস্থা পর্যাপ্ত বা মানসম্মত না থাকা। টেকসই স্লাজ ব্যবস্থাপনা এবং এ-সংক্রান্ত নীতিমালা কার্যকর করার জন্য এবং স্লাজ ব্যবস্থাপনার স্থায়ী সুবিধার জন্য প্রয়োজনীয় নিষ্কাশন সুবিধাগুলো থাকা একান্ত পূর্বশর্ত। এমনকি নিরাপদ ও চূড়ান্ত নিষ্কাশনের ব্যবস্থা করাও এসব নীতিমালা প্রণয়নের আগেই হওয়া প্রয়োজন।

## মান, নীতিমালা ও নির্দেশনাসমূহের পরিধি

---

১. এই ডকুমেন্ট তিনিই প্রণয়ন করবেন –

- যিনি তরলবর্জ্যের উৎস (পৌরসভা বা শিল্পকারখানা) নির্বিশেষে পানি বা তরলবর্জ্য (ওয়েস্ট-ওয়াটার) বিশুদ্ধকরণ প্ল্যান্ট, বর্জ্য শোধনাগার অথবা স্লাজ উৎপাদনকারী কেন্দ্রীয় বর্জ্য শোধনাগার চালনা বা পরিচালনা করেন;
- যিনি শিল্প-কলকারখানাজাত প্রক্রিয়ায় স্লাজ সৃষ্টি করেন;
- যিনি উপরোক্ত প্ল্যান্ট এবং প্রক্রিয়া-নিঃসৃত স্লাজের শ্রেণীবিভাগ, ব্যবস্থাপনা, পরিবহন, করণীয় কাজ, ব্যবহার বা নিষ্কাশন ইত্যাদির সাথে যুক্ত।

২. নিম্নলিখিত বিষয়গুলো যা অন্য আইনের আওতাভুক্ত হওয়ার কারণে এই ডকুমেন্টের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি:

- আণবিক বর্জ্য ব্যবস্থাপনা আইনের বিধি ২০০৮-এ অন্তর্ভুক্ত তেজস্ক্রিয় বর্জ্যযুক্ত স্লাজ;
- মেডিকেল বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াকরণ) বিধি ২০০৮-এ অন্তর্ভুক্ত মেডিকেল বর্জ্যযুক্ত স্লাজ;
- হাজার্ডযুক্ত বর্জ্য ও জাহাজ ভাঙা বর্জ্য ব্যবস্থাপনা বিধি ২০১১-এ অন্তর্ভুক্ত জাহাজ ভাঙা বর্জ্য সম্বলিত স্লাজ।

৩. পরিবেশ অধিদপ্তর এই ডকুমেন্টের সম্পূরক বিধিমালাও প্রণয়ন করতে পারেন। সেই বিধিগুলো নির্দিষ্ট শ্রেণীর বর্জ্যের ব্যবস্থাপনা বিষয়ে এই ডকুমেন্টের সম্পূরক হতে পারে অথবা সেগুলো নির্দিষ্ট ক্ষেত্র বা দৃষ্টান্তের জন্য বিশেষভাবে নির্দিষ্ট হতে পারে।

## পরিভাষা সমূহের ব্যাখ্যা

এই ডকুমেন্টের উদ্দেশ্য অনুযায়ী নিম্নলিখিত পরিভাষা সমূহের অর্থ ব্যাখ্যা করা হলো:

১. সংগ্রহ বা কালেকশন : সংগ্রহ বা কালেকশন হলো নিক্ষেপনস্থল বা শোধনাগারে নেওয়ার উদ্দেশ্যে বর্জ্য জমা করা, সেগুলোর শ্রেণীবিন্যাস করা এবং/অথবা মিশ্রিত করা;
২. নিয়ন্ত্রিত ল্যান্ডফিল : নিয়ন্ত্রিত ল্যান্ডফিল হলো এই ডকুমেন্টের অধ্যায় ৩.৩.৪-এ যেসব আবশ্যিক শর্ত রয়েছে সে-অনুযায়ী ল্যান্ডফিল করা;
৩. নিক্ষেপন বা ডিসপোজাল : নিক্ষেপন বা ডিসপোজাল হলো পরিশিষ্ট ৪-এ সংযোজিত পদক্ষেপসমূহ;
৪. শিল্প-স্লাজ বা শিল্পকারখানার স্লাজ : শিল্প-স্লাজ হলো শিল্পকলকারখানা থেকে উৎপন্ন স্লাজ। এই ডকুমেন্ট অনুযায়ী পরিশিষ্ট ৩-এ উল্লেখিত শিল্পকলকারখানা থেকে সৃষ্ট স্লাজকে শহরাঞ্চলের তরলবর্জ্য জাতীয় স্লাজের সাথে তুলনা করা যেতে পারে।
৫. ব্যবস্থাপনা বা ম্যানেজমেন্ট : ব্যবস্থাপনা হলো স্লাজ সংগ্রহ, পরিবহন, শোধন, পরিশোধন বা ট্রিটমেন্ট এবং নিক্ষেপন বা ডিসপোজাল; আর সেই সাথে এসব কার্যাদির তদারকি এবং নিক্ষেপনস্থলের পরবর্তী রক্ষণাবেক্ষণ।
৬. উৎপাদনকারী বা প্রডিউসার : যার বা যাদের কাজকর্মের ফলে স্লাজ সৃষ্টি হয় (original producer) এবং/অথবা যার বা যাদের পূর্ববর্তী কাজ, মিশ্রণ, বা অন্যান্য কাজকর্মের কারণে বর্জ্যের প্রকৃতি বা মিশ্রণে পরিবর্তন সংঘটিত হয়; কর্তৃপক্ষ বা হোল্ডার হলো স্লাজ উৎপাদনকারী অথবা স্বাভাবিক বা আইনগতভাবে সেই ব্যক্তি বা কর্তৃপক্ষ, যার অধীনস্থ এলাকায় গিয়ে স্লাজ পড়ছে।
৭. শোধন বা রিকভারি : শোধন হলো পরিশিষ্ট ৪-এর সেকশন খ-এ অন্তর্ভুক্ত কার্যাবলী বা অপারেশনসমূহ;
৮. নর্দমা-স্লাজ (sewage sludge) : নর্দমার স্লাজ হলো এমন স্লাজ যা তরলবর্জ্য শোধনাগারে অথবা নর্দমা-বর্জ্য শোধনাগারে তরলবর্জ্য বিশুদ্ধকরণ প্ল্যান্ট বা তৎসংশ্লিষ্ট প্ল্যান্ট থেকে শুষ্ক আকারের বা জলমুক্ত (de-watered) আকারের হতে পারে। অপরিশোধিত স্লাজ বা ড্রুড স্লাজ বলতে তরলবর্জ্য শোধনাগার থেকে অপরিশোধিত অবস্থায় তুলে আনা স্লাজকে বুঝতে হবে। অশোধিত স্লাজের শুষ্ককরণ বা নির্জলীয়করণকে (dewatering) স্লাজের প্রক্রিয়াকরণ বা ট্রিটমেন্ট বলা যাবে না। এই ডকুমেন্ট অনুসারে নর্দমা-স্লাজ-এর মধ্যে অন্তর্ভুক্ত হবে স্লাজ কম্পোস্ট, স্লাজ ডাইজেস্টেট এবং স্লাজ-মিশ্রণ। স্লাজ-মিশ্রণ বলতে বোঝাবে পরিশিষ্ট ৭-এ সংযোজিত অথবা সর্বশেষ সংশোধনসহ রাসায়নিক সার আইন (fertilizer legislation) অনুযায়ী স্লাজ এবং অন্যান্য সংশ্লিষ্ট দ্রব্যের মিশ্রণকে। স্লাজ কম্পোস্ট বলতে বোঝাবে কম্পোস্ট স্লাজের মিশ্রণকে, এবং স্লাজ ডাইজেস্টেট বলতে বোঝাবে ডাইজেস্টেট স্লাজ বা স্লাজ মিশ্রণকে।
৯. স্লাজ (Sludge) : স্লাজ বলতে বোঝায় শিল্পকলকারখানার এবং শহরাঞ্চলের তরলবর্জ্য ও নর্দমা-বর্জ্যের শোধন প্রক্রিয়া বা ট্রিটমেন্ট শেষে পরিত্যক্ত অর্ধশক্ত বা সেমি-সলিড বস্তু।
১০. তরলবর্জ্য বা ওয়েস্ট-ওয়াটার : তরলবর্জ্য হলো মানুষের দৈনন্দিন কাজে, ঘর-গৃহস্থালীতে, শিল্পপ্রক্রিয়ায় বা অন্য কোনো উদ্দেশ্যে পানি ব্যবহারের পরে যখন তা বর্জ্যযুক্ত হয়ে পড়ে। তরলবর্জ্য শিল্পকলকারখানা বা শহরাঞ্চল থেকেও সৃষ্টি হতে পারে।
১১. তরলবর্জ্য শোধনাগার : এটা হলো সেই প্ল্যান্ট বা শোধনাগার যা তরলবর্জ্য শোধনের জন্য ব্যবহৃত হয়, এর ধারণক্ষমতা বা শোধনপ্রক্রিয়ার ধরন যেমনটাই হোক। যৌথ ইটিপিগুলোও (CETP) এর আওতায় পড়বে।

## সাধারণ নির্দেশনাবলী

১. এই ডকুমেন্ট অনুযায়ী স্লাজ-এর যথাযথ শ্রেণীবিভাজনের দায়িত্ব থাকবে স্লাজ প্রস্তুতকারীর উপর।
২. স্লাজের শ্রেণীবিন্যাস অবশ্যই নিম্নোক্ত শর্তের মধ্যে চূড়ান্ত হতে হবে :
  - নতুন পরিশোধনাগার চালু হওয়ার ছয় মাসের মধ্যে,
  - বিদ্যমান প্ল্যান্টের গাইডলাইন বা নির্দেশনাবলীর গেজেট নোটিফিকেশন প্রাপ্তির ছয় মাসের মধ্যে,
  - তরলবর্জ্যের উৎস বিষয়ে পরিশিষ্ট ২-এর খ-এর শ্রেণীবিন্যাস অনুযায়ী, অথবা তরলবর্জ্যের প্রক্রিয়াকরণ বা শোধন দৃশ্যমান হওয়ার প্রথম তিন মাসের মধ্যে।
৩. স্লাজ উৎপাদনকারী অবশ্যই স্লাজ ব্যবস্থাপনার এই ডকুমেন্টে উল্লেখিত আবশ্যিকীয় শর্তাবলী পূরণ করার উদ্দেশ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
৪. স্লাজ উৎপাদনকারী অবশ্যই এমনভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন যাতে কোনো ধরনের শব্দদূষণ বা দুর্গন্ধ তৈরী না হয়, এবং জীবাণু বা দূষণ সৃষ্টি না হয় যেটা মানবস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ। তাছাড়া যেসব পদক্ষেপ পরিবেশ, বিশেষ করে পানি, মাটি, উদ্ভিদ ও প্রাণীকুলের জন্য ক্ষতিকর হতে পারে এমন কর্মসূচী তিনি নেবেন না।
৫. সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাজের উদ্দেশ্য হবে :
  - স্লাজ উৎপাদন হ্রাস বা প্রতিহত করা অথবা এর ক্ষতিকর প্রভাব হ্রাস করা, বিশেষ করে:
    - এমন যথাযথ প্রযুক্তির উন্নয়ন ও ব্যবহারের মাধ্যমে যাতে করে প্রাকৃতিক সম্পদের ব্যবহার যথাসম্ভব কম হয়,
    - পণ্যের প্রযুক্তিগত উন্নয়ন ও বাজারজাতকরণের মাধ্যমে - যেগুলোর উৎপাদন, ব্যবহার ও চূড়ান্তভাবে পরিত্যাগের সময় বর্জ্য, দূষণ ও দূষণজনিত ঝুঁকি যথাসম্ভব কম হয়;
  - সম্পদের সর্বোচ্চ ব্যবহার অথবা মধ্যবর্তী পর্যায়ে কাঁচামাল হিসাবে ব্যবহারের দৃষ্টিকোণ থেকে রিসাইক্লিং বা পুনর্ব্যবহারের উপযোগী করা, পুনর্ব্যবহার, পুনরুদ্ধার বা অন্য প্রক্রিয়া গ্রহণ করা, অথবা,
  - শক্তি বা জ্বালানী হিসেবে বর্জ্য ব্যবহার করা।

## স্লাজ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সাধারণ শর্তাবলী

- এই ডকুমেন্ট অনুযায়ী স্লাজ ব্যবস্থাপনার দায়িত্ব স্লাজ উৎপাদক বা প্রোডিউসার-এর। স্লাজ কর্তৃপক্ষ বা হোল্ডারও এই ডকুমেন্ট অনুসরণ করবেন।
- কেন্দ্রীয় ইটিপি (CETP) বা তরলবর্জ্য শোধনাগার বিষয়ে আবশ্যিকীয় পরিবেশগত তথ্য ক্লিয়ারেন্সের অংশ হিসেবে স্লাজ উৎপাদক একটি স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা পরিবেশ অধিদপ্তর বরাবর দাখিল করবেন। অথবা প্রাসঙ্গিক যে-কোনো পরিবর্তনে, যেমন তরলবর্জ্যের উৎসের বা পরিশোধন প্রক্রিয়ার কোনো পরিবর্তন হলেও এই পরিকল্পনাপত্র দাখিল করতে হবে এবং তিনি/তারা পরিবেশ অধিদপ্তরের লিখিত অনুমতি ছাড়া স্লাজ ব্যবহার বা নিষ্কাশন (ডিসপোজ) করতে পারবেন না।
- স্লাজের শ্রেণীবিন্যাস সাপেক্ষে এই ডকুমেন্ট-এর সাধারণ শর্তসমূহের সাথে সাযুজ্য বা কমপ্লায়েন্স বজায় রেখে স্লাজ ব্যবস্থাপনার নির্দিষ্ট পদ্ধতি ও উপায় নির্ধারণ করা যেতে পারে। এর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে অ্যানোরবিক ডাইজেশন, জমি ব্যবহার (ল্যান্ড অ্যাপ্লিকেশন), তাপীয় ভস্মীকরণ বা ইনসিনারেশন, নিয়ন্ত্রিত ল্যান্ডফিল এবং নির্মাণকাজে ব্যবহৃত উপাদান তৈরীতে পুনরায় ব্যবহারের উপযোগী করা বা রিসাইক্লিং। শহরাঞ্চলের তরলবর্জ্য বা শিল্প হতে নির্গত সমজাতীয় বর্জ্য হতে উৎপন্ন স্লাজ কম্পোস্ট তৈরী করে কৃষিক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে। হাজার্ডযুক্ত শিল্প বা যৌথ ইটিপি হতে উৎপন্ন স্লাজকে অবশ্যই তাপীয় ভস্মীকরণ বা ইনসিনারেশন-এর মাধ্যমে অথবা ল্যান্ডফিল করে শোধন করতে হবে যাতে মানবস্বাস্থ্য ও পরিবেশের কোনো ক্ষতিসাধন না হয়। এ ক্ষেত্রে অন্যান্য উপায় বা পদ্ধতিগুলো কার্যকর নয়। আরো বিস্তারিত তথ্যের জন্য সারণি ১ লক্ষ্য করুন। হাজার্ডযুক্ত শিল্প বা যৌথ ইটিপি থেকে উৎপন্ন স্লাজ অবশ্যই এই ডকুমেন্ট অনুযায়ী ভস্মীকরণ বা ইনসিনারেশন অথবা জমি ভরাটের মাধ্যমে নিষ্কাশন বা ডিসপোজ করতে হবে। তার আগে শুধুমাত্র পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি সাপেক্ষে অন্যান্য বিকল্প পদ্ধতি অনুসরণ করা যেতে পারে।
- পরিবেশ অধিদপ্তর বরাবর দাখিলকৃত স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনাতে নিচের বিষয়গুলো অবশ্যই থাকতে হবে:
  - স্লাজ উৎপাদক কোম্পানীর নাম-ঠিকানা, যদি শিল্প হতে তরলবর্জ্য উৎপন্ন হয়ে থাকে; কোম্পানীর নাম-ঠিকানা, যে ক্ষেত্রে কেন্দ্রীয় এফ্লুয়েন্ট পরিশোধন প্ল্যান্ট শিল্পের মতোই তরলবর্জ্য উৎপাদন করে থাকে,
  - প্রতি বছর স্লাজ উৎপাদনের সম্ভাব্য পরিমাণ – শুষ্ক বস্তুর টন হিসেবে (t DM/yr),
  - পূর্বের বছরে উৎপাদিত স্লাজের পরিমাণ – শুষ্ক বস্তুর টন হিসেবে (t DM/yr),
  - পরিশিষ্ট ২-খ-এর শ্রেণীবিভাজন অনুযায়ী তরলবর্জ্যের উৎস,
  - এই ডকুমেন্টের অধ্যায় ২-এর বর্ণনানুযায়ী স্লাজের শ্রেণীবিন্যাস,
  - এই ডকুমেন্টের অধ্যায় ৩ অনুযায়ী নিরাপদ নিষ্কাশন বা ডিসপোজালের জন্য পরিকল্পিত পদ্ধতি বা বিকল্প,
  - অধ্যায় ৩-এ বর্ণিত বিকল্প অনুযায়ী গৃহীত পদক্ষেপসমূহের তথ্যায়ন বা ডকুমেন্টেশন,
  - স্লাজের সংগ্রহ, পরিবহন, পুনরুদ্ধার ও নিষ্কাশনসহ এ ধরনের কাজ তদারকি এবং নিষ্কাশন ক্ষেত্রের পরবর্তী দেখাশোনার সাথে জড়িত অন্যান্য কোম্পানীর নাম ও ঠিকানা,
  - নিষ্কাশন বা ডিসপোজাল প্ল্যান্ট বা স্থানের উপযুক্ততা সম্পর্কিত তথ্যায়ন বা ডকুমেন্টেশন,
  - বিশ্লেষণে জড়িত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত অনুমোদিত গবেষণাগার বা কোম্পানীর নাম ও ঠিকানা, যদি প্রয়োজন হয় সেক্ষেত্রে,

- যদি প্রয়োজন হয় সেক্ষেত্রে পর্যাপ্ত, যোগ্যতাসম্পন্ন ও যথাযথভাবে স্বয়ংসম্পূর্ণ গবেষণাগার সুবিধার প্রমাণ।

## অধ্যায় ২: স্লাজের শ্রেণীবিভাগ

উৎসের উপর ভিত্তি করে তরলবর্জ্য স্লাজকে নিম্নোক্ত ৩টি শ্রেণী বা ক্যাটেগরিতে ভাগ করা যায় :

- এ ক্যাটেগরি: শহরাঞ্চলে সৃষ্ট স্লাজ এবং এ ধরনের অন্যান্য স্লাজ  
বি ক্যাটেগরি: শিল্প-উদ্ভূত স্লাজ, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে যৌথ ইটিপি (CETP) উদ্ভূত স্লাজ  
সি ক্যাটেগরি: হাজার্ডযুক্ত বর্জ্যসহ শিল্প-উদ্ভূত এবং যৌথ ইটিপি (CETP) উদ্ভূত স্লাজ

যেসব ক্ষেত্রে গ ক্যাটেগরির স্লাজ উৎপাদনকারী তরলবর্জ্য অন্য প্রকারের পানির সাথে সংমিশ্রিত হয়ে শোধিত হবে, উদাহরণস্বরূপ কেন্দ্রীয় এফ্লুয়েন্ট প্ল্যান্টে, এই শোধনের ফলে উৎপাদিত স্লাজকে সি ক্যাটেগরি হিসেবে গণ্য করা হবে। যেসব ক্ষেত্রে বি ক্যাটেগরি-এর তরলবর্জ্য উদ্ভূত স্লাজ এ ক্যাটেগরি-এর তরলবর্জ্যের সাথে মিশ্রিত হয়ে শোধিত হয়, সেসব ক্ষেত্রে এই সংমিশ্রিত স্লাজকে বি ক্যাটেগরি-এর আওতায় গণ্য করা হবে। যদি বিভিন্ন ক্যাটেগরি বা শ্রেণীর স্লাজ সংগ্রহ, পরিবহন, শোধন বা স্লাজ ব্যবস্থাপনার অন্য যে-কোনো স্তরে মিশ্রিত হয়ে থাকে তবে উপরোল্লিখিত উপায়ে তার ক্যাটেগরি নির্ধারণ বা শ্রেণীবিভাগ করা হবে।

এ ক্যাটেগরি + বি ক্যাটেগরি	=	বি ক্যাটেগরি
এ ক্যাটেগরি + সি ক্যাটেগরি	=	সি ক্যাটেগরি
বি ক্যাটেগরি + সি ক্যাটেগরি	=	সি ক্যাটেগরি
এ ক্যাটেগরি + বি ক্যাটেগরি + সি ক্যাটেগরি	=	সি ক্যাটেগরি

স্লাজের শ্রেণীবিভাগ বা শ্রেণীবদ্ধকরণের উপর ভিত্তি করে স্লাজ ব্যবস্থাপনার বিভিন্ন পন্থাগুলো অবলম্বন করা যেতে পারে। অধ্যায় ৩-এ স্লাজ ব্যবস্থাপনার পন্থাসমূহের সাধারণ আলোচনা ও তার আবশ্যিকীয় বিষয়গুলোর বিস্তারিত আলোচনা রয়েছে।

নির্দিষ্ট স্লাজের শ্রেণীবিভাগ করার সুবিধার্থে অনুসরণীয় শর্ত ও পদক্ষেপসমূহ পরবর্তী পৃষ্ঠাগুলোতে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। পরিবেশ সংরক্ষণের আলোকে এ ক্যাটেগরি স্লাজের সাথে সি ক্যাটেগরি স্লাজের মিশ্রণ একেবারেই বর্জনীয় ও নিষিদ্ধ।

স্লাজের শ্রেণীবিভাগের মানদণ্ড ও শর্তগুলো নিম্নে দেয়া হলো :

এ ক্যাটেগরি-এর অন্তর্ভুক্ত স্লাজের শর্ত:

- যেসব স্লাজ গৃহস্থালী বা শহুরে তরলবর্জ্য থেকে উৎসৃত হয়ে নর্দমা শোধনাগারে উৎপন্ন হয় সেগুলোকে এ ক্যাটেগরি-এর অন্তর্ভুক্ত স্লাজ হিসেবে গণ্য করা হবে।
- পরিশিষ্ট ৩-এ বর্ণিত উপায়ে গার্হস্থ্য বা শহুরে তরলবর্জ্যের নর্দমা শোধনাগারে শোধন প্রক্রিয়া থেকে উদ্ধৃত স্লাজকে পৌর বা সমতুল্য স্লাজ হিসেবে গণ্য করা যাবে ও এ ক্যাটেগরি-তে অন্তর্ভুক্ত করা যাবে।

বি ক্যাটেগরি-এর অন্তর্ভুক্ত স্লাজের শর্ত :


- যেসব স্লাজকে এ ক্যাটেগরি বা সি ক্যাটেগরি হিসেবে শ্রেণীবদ্ধ না করা যায় সেসব স্লাজকে বি ক্যাটেগরি হিসেবে শ্রেণীবদ্ধ করা হবে।

সি ক্যাটেগরি-এর অন্তর্ভুক্ত স্লাজের শর্ত :

- যদি কোনো স্লাজ বা তরলবর্জ্য পরিশিষ্ট ১ক বা ১খ-এর ন্যূনতম একটি শর্তও পূরণ করে তবে সেই বর্জ্যকে অবশ্যই হাজার্ডযুক্ত বর্জ্য হিসেবে গণ্য করা হবে ও সি ক্যাটেগরি-এর আওতায় শ্রেণীবদ্ধ করা হবে, যদি না উক্ত বর্জ্যের উৎপাদক পরিশিষ্ট ২ক অনুযায়ী প্রমাণ করতে পারেন যে উক্ত বর্জ্যে কোনো হাজার্ডযুক্ত উপাদান বা ধরন নেই।
- যদি কোনো স্লাজে পরিশিষ্ট ২ক অনুযায়ী একটিও হাজার্ডযুক্ত উপাদান থেকে থাকে তবে সেই বর্জ্যকে অবশ্যই হাজার্ডযুক্ত বর্জ্য হিসেবে গণ্য করা হবে ও সেটিকে সি ক্যাটেগরি-এর আওতায় শ্রেণীবদ্ধ করা হবে।
- যদি কোনো স্লাজকে পরিশিষ্ট ২খ অনুযায়ী ক্রস (X) দিয়ে হাজার্ডযুক্ত হিসেবে চিহ্নিত করা হয় তবে তাকে অবশ্যই হাজার্ডযুক্ত বর্জ্য হিসেবে গণ্য করা হবে এবং সি ক্যাটেগরি-এর আওতায় শ্রেণীবদ্ধ করা হবে।
- যদি কোনো স্লাজকে পরিশিষ্ট ২বি-তে হাজার্ডযুক্ত এবং হাজার্ডবিহীন (মিরর এন্ট্রি) চিহ্নিত করা হয় তবে অবশ্যই তা হাজার্ডযুক্ত বর্জ্য হিসেবে গণ্য হবে এবং সি ক্যাটেগরি-তে শ্রেণীবদ্ধ হবে, যদি না উৎপাদক উৎপাদক ২এ তে বর্ণিত সংজ্ঞানুযায়ী স্লাজে কোন হাজার্ডযুক্ত বৈশিষ্ট্য নেই বলে প্রমাণ করতে পারেন।

আলোচ্য স্লাজকে হাজার্ডযুক্ত হিসেবে শ্রেণীবদ্ধ করা এবং হাজার্ডযুক্ত বর্জ্য হিসেবে এর ব্যবহার, শোধন বা নিষ্কাশন করার দায়িত্ব এর উৎপাদকের উপর বর্তায় এবং এর সমস্ত বিষয়েই পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি নেয়া বাধ্যতামূলক।

বাংলাদেশের তরলবর্জ্য শোধনাগার / যৌথ ইটিপি থেকে উদ্ভূত পৌর ও শিল্প স্লাজ ব্যবস্থাপনার উপায়সমূহের শ্রেণীবিভাগকরণ সম্পর্কিত সাধারণ আলোচনা



স্লাজের শ্রেণীকরণে যেভাবে সিদ্ধান্ত নেবেন		
স্লাজকে হাজার্ডযুক্ত হিসেবে গণ্য করা হবে কি না এবং তা সি ক্যাটেগরি-এর আওতায় পড়বে কি না?		
স্লাজ কি পরিশিষ্ট ১ক-তে তালিকাভুক্ত শিল্প উদ্ভূত তরলবর্জ্য থেকে উৎপন্ন?	হ্যাঁ	→ সি ক্যাটেগরি উৎপাদনকারী এমন প্রমাণ দিতে পারেন যে এতে পরিশিষ্ট ২ক <sup>১</sup> এর বর্ণনা অনুসারে কোনো হাজার্ডযুক্ত বৈশিষ্ট্য নেই, সেক্ষেত্রে বি ক্যাটেগরিতে একে অন্তর্ভুক্ত করা যেতে পারে।
	না	→ পরবর্তী ধাপ
স্লাজে পরিশিষ্ট ১খ অনুযায়ী কোনো উপাদান আছে কি?	হ্যাঁ	→ সি ক্যাটেগরি উৎপাদনকারী এমন প্রমাণ দিতে পারেন যে এতে পরিশিষ্ট ২ক <sup>২</sup> এর বর্ণনা অনুসারে কোনো হাজার্ডযুক্ত বৈশিষ্ট্য নেই, সেক্ষেত্রে বি ক্যাটেগরি-তে একে অন্তর্ভুক্ত করা যেতে পারে।
	না	→ পরবর্তী ধাপ
স্লাজে পরিশিষ্ট ২ক-এর তালিকা অনুযায়ী কোনো হাজার্ডযুক্ত বৈশিষ্ট্য আছে কি?	হ্যাঁ	→ সি ক্যাটেগরি আর কোনো ক্যাটেগরিতে একে অন্তর্ভুক্ত করা সম্ভব না।
	না	→ পরবর্তী ধাপ
স্লাজটি কি তারকা চিহ্ন (*) দ্বারা পরিশিষ্ট ২খ-তে হাজার্ডযুক্ত চিহ্নিত করা হয়েছে?	হ্যাঁ	→ সি ক্যাটেগরি আর কোনো ক্যাটেগরিতে একে অন্তর্ভুক্ত করা সম্ভব না।
	না	→ পরবর্তী ধাপ
স্লাজটি কি পরিশিষ্ট ২খ-তে হাজার্ডযুক্ত ও (মিরর এন্ট্রি) হিসাবে নিরাপদ চিহ্নিত করা আছে?	হ্যাঁ	→ সি ক্যাটেগরি উৎপাদনকারী এমন প্রমাণ দিতে পারেন যে এতে পরিশিষ্ট ২ক <sup>৩</sup> এর বর্ণনা অনুসারে কোনো হাজার্ডযুক্ত বৈশিষ্ট্য নেই, সেক্ষেত্রে বি ক্যাটেগরি-তে একে অন্তর্ভুক্ত করা যেতে পারে।
	না	→ পরবর্তী ধাপ
আলোচ্য স্লাজটিকে কি শহুরে স্লাজ বা সমতুল্য স্লাজ হিসেবে গণ্য করা এবং এ ক্যাটেগরি-তে শ্রেণীবদ্ধ করা যায়?		
স্লাজটি কি গার্হস্থ্য বা শহুরে তরলবর্জ্য শোধনে ব্যবহৃত নর্দমা শোধনকারী প্ল্যান্টে উৎপাদিত?	হ্যাঁ	→ এ ক্যাটেগরি
	না	→ পরবর্তী ধাপ
স্লাজটি কি পরিশিষ্ট ৩-এর তালিকা অনুযায়ী তরলবর্জ্য শোধনকারী প্ল্যান্ট থেকে উৎপন্ন হয়েছে?	হ্যাঁ	→ এ ক্যাটেগরি
	না	→ পরবর্তী ধাপ
আলোচ্য স্লাজটিকে কি শহুরে স্লাজ বা সমতুল্য স্লাজ বা হাজার্ডযুক্ত স্লাজ কোনোটি হিসেবেই গণ্য করা যাচ্ছে না এবং একে কি সি ক্যাটেগরি-তে অন্তর্ভুক্ত করা যায়?		
স্লাজটিকে কি উপরোল্লিখিত কোনো একটি শ্রেণীর অন্তর্ভুক্ত করা যায়?	না	→ বি ক্যাটেগরি

<sup>১</sup> কার্যপ্রণালী পরিশিষ্ট ২-তে বর্ণিত আছে: বিপজ্জনক বৈশিষ্ট্যসমূহ ও বর্জ্য প্রবাহের তালিকা

<sup>২</sup> কার্যপ্রণালী পরিশিষ্ট ২-তে বর্ণিত আছে: বিপজ্জনক বৈশিষ্ট্যসমূহ ও বর্জ্য প্রবাহের তালিকা

<sup>৩</sup> কার্যপ্রণালী পরিশিষ্ট ২-তে বর্ণিত আছে: বিপজ্জনক বৈশিষ্ট্যসমূহ ও বর্জ্য প্রবাহের তালিকা

## অধ্যায় ৩: স্লাজ ব্যবস্থাপনার পদ্ধতিসমূহ

### ৩.১ প্রাক-পরিশোধন

বাংলাদেশের জন্য (পরিবেশ অধিদপ্তর) জাতীয় থ্রি-আর স্ট্র্যাটেজি বা কৌশলের মূল গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে 'থ্রি-আর নীতি' (রিডিউস, রিইউজ এন্ড রিসাইকল) কার্যকর করার লক্ষে স্লাজ নিক্ষেপনের আগে প্রাক-পরিশোধন পরিচালনা বা কার্যকর করতে হবে। প্রাক-শোধনের মূল উদ্দেশ্য হলো স্লাজের আয়তন ও এর জৈববস্তুর পরিমাণ হ্রাস করা, যাতে করে নিক্ষেপনকালীন বর্জ্যের পরিমাণ কম থাকে এবং নিক্ষেপন নিরাপদ হয়। যদি কেন্দ্রীয় নিক্ষেপন ফ্যাসিলিটিতে গৃহীত ব্যবস্থার মতো স্লাজ পরিবহন করতে হয়, তবে প্রাক-শোধন করলে এটা আরো ভালো ফল দেয়।

শিল্পজাত তরলবর্জ্য অথবা শিল্পজাত তরলবর্জ্য থেকে উৎপন্ন স্লাজের সম্ভাব্য শোধন প্রক্রিয়া বা ট্রিটমেন্ট নিম্নরূপ হতে পারে:

- যান্ত্রিক শোধন : যেমন অধঃক্ষেপন বা সেডিমেন্টেশন, ঘনীভূতকরণ বা থিকেনিং
- ভৌত / রাসায়নিক শোধন : যেমন ফেরাস সালফেটের ব্যবহার, চুন এবং ঘনীভূত পলিইলেক্ট্রোলাইট, ফ্লকুলেশন
- ওজোনায়ন, রাসায়নিক জারণ (ওয়েট অক্সিডেশন অথবা ওয়েট পারক্সিডেশন), স্বক্রিয় কার্বনে অ-জৈবপচনশীল দ্রব্যের শোধন,
- জৈব শোধন : যেমন (অবাত বা এরোবিক) সক্রিয় স্লাজ শোধন, অ্যানোরোবিক ডাইজেশন
- অধিকতর স্লাজ শোধন : যেমন সমষ্টিগত উপায়ে (ফিল্টার প্রেস ও সেন্টিফিউজ) জলনিষ্কাশন এবং শুষ্ককরণ

## ৩.২ স্লাজ ব্যবস্থাপনার পন্থাসমূহের সাধারণ আলোচনা

সারণি ১: বর্জ্যের শ্রেণী অনুসারে ব্যবস্থাপনার পন্থাসমূহ

ব্যবস্থাপনা-পন্থা	বর্জ্য শ্রেণী		
	ক	খ	গ
৩.১ অ্যানোরোবিক ডাইজেশন (সহগাঁজন বা কো-ফার্মেন্টেশন)	X <sup>১</sup>	X	**
৩.২ অ্যারোবিক ডাইজেশন (কম্পোস্ট করা)	X <sup>১</sup>		
৩.৩ কৃষিজ ব্যবহার	X		
৩.৪ নিয়ন্ত্রিত ল্যান্ডফিল*	X	X	X
৩.৫ তাপীয় ভস্মীকরণ বা থার্মাল ইনসিনারেশন	X <sup>১</sup>	X <sup>১</sup>	X <sup>১</sup>
৩.৬ ভূমিতে প্রয়োগ বা ল্যান্ড এপ্লিকেশন (কিছু দ্বারা ভরাট করা যেমন, বন্যা প্রতিরোধে)	X	X <sup>২</sup>	**
৩.৭ এসফল্ট, সিমেন্ট বা ইট তৈরীতে পুনর্ব্যবহারের উপযোগী করা বা রিসাইক্লিং	X	X <sup>৩</sup>	**

<sup>১</sup> অবশিষ্টাংশ বিকল্প উপায়ে (যেমন ল্যান্ডফিল দ্বারা) নির্দিষ্ট শ্রেণীর প্রয়োজ্য শর্ত মেনে, নিষ্কাশন করতে হবে,

<sup>২</sup> নিক্রিয় উপাদান (স্বল্পমাত্রার জৈব বস্তু প্রয়োজন)।

<sup>৩</sup> প্রাপ্যতা এবং ধারণক্ষমতা স্থানীয় পরিস্থিতি দ্বারা সীমাবদ্ধ। উৎপন্ন দ্রব্যের সংকোচন-হ্রাসের কারণে অনুমোদিত স্লাজের পরিমাণ সীমাবদ্ধ।

\* স্লাজের ক্যাটেগরির উপর ভিত্তি করে জমি ভরাটের (অধ্যায় ৩.৩.৪) প্রয়োজনীয় শর্তগুলো বা আবশ্যিকীয় বিষয়গুলো পরিবর্তিত হবে।

\*\* অধ্যায় ২-এর বর্ণনা অনুযায়ী, উৎপাদক এই মর্মে প্রমাণ দাখিল করতে পারেন যে সি ক্যাটেগরি-তে শ্রেণীবদ্ধ স্লাজ (পরিশিষ্ট ১ক বা ১খ অনুসারে) কোনো হাজার্ডযুক্ত বৈশিষ্ট্য ধারণ করে না; এবং সেক্ষেত্রে একে বি ক্যাটেগরি স্লাজ হিসেবে শ্রেণীবদ্ধ করে অ্যানোরোবিক ডাইজেশন (কো-ফার্মেন্টেশন), জমি ব্যবহার (ভরাট করার উপাদান যেমন বন্যা নিয়ন্ত্রণ), ইট, সিমেন্ট, এসফল্ট তৈরীতে রিসাইক্লিং বা পুনর্ব্যবহারের উপযোগী করা অনুমোদনযোগ্য।

## ৩.৩ স্লাজ ব্যবস্থাপনার পদ্ধতিসমূহের বর্ণনা (ডিজাইন প্যারামিটার বা মানদণ্ডসহ)

### ৩.৩.১ অ্যানোরোবিক ডাইজেশন (জৈবগ্যাস পুনরুদ্ধার)

অ্যানোরোবিক অ্যানোরোবিক ডাইজেশন প্ল্যান্টে কার্যকর স্লাজ পরিশোধনের উপর ভিত্তি করে জৈব পরিশোধন প্রক্রিয়া থেকে উদ্ভূত স্লাজকে যোগ করলে লাভজনক ফল আনতে পারে। অথবা নিঃসরণ প্রতিহত করা ও জৈবগ্যাস সংগ্রহ করে শক্তি উৎপাদন করার লক্ষ্যে শহরাঞ্চলের নর্দমা স্লাজ এবং অন্যান্য উপযোগী উপাদানের সাথে এই স্লাজের সহ-গাঁজন বা কো-ফার্মেন্টেশন সংঘটিত করা যেতে পারে। সেই সাথে বাকি অংশে থাকা পুষ্টি-উপাদানগুলো সার হিসেবে ব্যবহার করা যেতে পারে, যদি এ সমস্ত উপাদান কৃষিতে ব্যবহারোপযোগী হয়ে থাকে (অধ্যায় ৩.৪-এর আবশ্যিকতার পরিপূরক এ ক্যাটেগরি স্লাজ)।

বিশেষ করে শিল্পকারখানা-উদ্ভূত স্লাজ ব্যবহারের সময় লক্ষ্য রাখতে হবে যে কিছু উপাদান ডাইজেশন প্রক্রিয়ায় সাহায্যকারী অণুজীবের উপর বিরূপ প্রভাব ফেলতে পারে। অবাত গাঁজক বা এনারোবিক ডাইজেস্টরগুলো সাধারণত এমন বাধাদানকারী উপাদানগুলো হয়ে থাকে, যেমন অ্যামোনিয়া, সালফাইড, হালকা ধাতব আয়ন, ভারী ধাতু, এবং অন্যান্য জৈব।

জলবায়ু সুরক্ষার জন্য বর্জ্য অবশিষ্টাংশে জৈব অংশ যেন যথাসম্ভব কম থাকে, ল্যান্ডফিল প্রয়োগের সময় এটা নির্গমন ও লিচেটজনিত অনিয়ন্ত্রিত বায়োডিগ্রেশন রোধ করবে। ল্যান্ডফিল প্রয়োগের প্রয়োজনীয়তা সারণি ৩-এ বর্ণনা করা হয়েছে।

হাজার্ডযুক্ত শিল্প বা সিইটিপি থেকে প্রাপ্ত সি ক্যাটেগরি স্লাজের ক্ষেত্রে অবাত ডাইজেশন প্রক্রিয়া অনুমোদনযোগ্য নয়, কারণ এ থেকে মানুষ ও পরিবেশের জন্য অত্যন্ত ক্ষতিকর বিষাক্ত পদার্থের নিঃসরণ ঘটতে পারে।

### ৩.৩.২ অ্যানোরোবিক ডাইজেশন (কম্পোস্টিং)

কৃষিতে প্রয়োগের জন্য সার প্রস্তুত করার জন্য কম্পোস্টিং ব্যবহার করা যেতে পারে। উপযুক্ত কম্পোস্ট পাওয়ার জন্য কার্বন সমৃদ্ধ উপাদান প্রয়োজন, যাতে কার্বন:নাইট্রোজেন অনুপাত হবে ২৫ - ৩০:১। যেহেতু কোনো স্লাজই এই অনুপাতের নিশ্চয়তা দেয় না, সেহেতু কো-কম্পোস্টিং অন্যান্য উপাদান যোগ করা যেতে পারে; যেমন, জৈব বর্জ্য, করাতকলের গুঁড়া, কাঠের টুকরা, ধান এবং খড়। কম্পোস্টিংয়ের সবচেয়ে বড় সুবিধা হলো কার্বন:নাইট্রোজেন অনুপাত বৃদ্ধি, লবণের পরিমাণ হ্রাস, এবং হাজার্ডযুক্ত ও (ফাইটো-) টক্সিক উপাদানের লিচিং বা ছেঁকে নেয়া।

সুতরাং কৃষিতে ব্যবহারের উদ্দেশ্যে এই পন্থায় হাজার্ডযুক্ত বর্জ্য (সি ক্যাটেগরি) এবং এমনকি শিল্পোদ্ভূত (বি ক্যাটেগরি) হাজার্ডযুক্ত বর্জ্যের ব্যবহারও নিষিদ্ধ।

### ৩.৩.৩ কৃষিকার্যে ব্যবহার

সারণি ২: কম্পোস্ট / সার<sup>৪</sup> হিসেবে স্লাজের স্থিতিমাপ সীমা বা প্যারামিটার লিমিট

স্থিতিমাপ বা প্যারামিটার	স্লাজে মি.গ্রা./কেজি শুষ্ক উপাদান	মাটিতে* মি.গ্রা./কেজি শুষ্ক উপাদান
সীসা (Pb)	৯০০	১০০
ক্যাডমিয়াম (Cd)	১০	১.৫
ক্রোমিয়াম (Cr)	৯০০	১০০
তামা (Cu)	৮০০	৬০
নিকেল (Ni)	২০০	৫০
পারদ (Hg)	৮	১
দস্তা (Zn)	২৫০০	২০০

\* স্লাজ প্রয়োগের আগে কৃষিজমিতে মাটি

মাত্রা:

< 3t শুষ্ক উপাদান বিশিষ্ট নর্দমা স্লাজ প্রতি হেক্টরে প্রতি ৩ বৎসরে

< 10t শুষ্ক উপাদান বিশিষ্ট স্লাজ কম্পোস্ট প্রতি হেক্টরে প্রতি ৩ বৎসরে

বিস্তারিত প্রয়োজনীয়তাসমূহ অধ্যায় ৩.৪ – শহরাঞ্চলের স্লাজ ও সমতুল্য স্লাজে সন্নিবেশিত করা হলো।

### ৩.৩.৪ নিয়ন্ত্রিত ল্যান্ডফিল

নিয়ন্ত্রিত ল্যান্ডফিল বলতে মাটিতে স্লাজের সম্ভাব্য সঞ্চিত হওয়াকে বোঝায়। নিয়ন্ত্রিত ল্যান্ডফিল প্রতিষ্ঠা করার আগে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি আবশ্যিক, কারণ পরিবেশ অধিদপ্তরই পরিবেশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট (ছাড়পত্র) প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত। অনিয়ন্ত্রিত অপকর্ষ প্রক্রিয়া থেকে উদ্ভূত জৈব উপাদান হ্রাস করে স্লাজকে স্থিতিশীল করতে হবে।

গ্রীনহাউস নিঃসরণকে (মিথেন) অধিকতর নিয়ন্ত্রণ ও পাতন করতে স্লাজকে নির্ধারিত ল্যান্ডফিল ক্ষেত্রে জমা করতে হবে। বিপন্নকারী ক্ষমতা ও দূষকের উপস্থিতির উপর ভিত্তি করে বিভিন্ন প্রকারের স্লাজকে ভিন্ন ভিন্ন শ্রেণী বা ক্যাটেগরিতে ভাগ করা হয়। গঠন, দূষক (লিচেটে উপস্থিত পরিমাণ) এবং পর্যবেক্ষণের উপর ভিত্তি করে প্রতিটি ক্যাটেগরির আবশ্যিকীয়সমূহও ভিন্ন হয়ে থাকে।

<sup>৪</sup> সূত্রঃ German Sewage Sludge Ordinance, July 2002

জমি ভরাটের স্থান নির্বাচনের জন্য মৌলিক প্রয়োজনীয় বিষয়গুলো:

- বন্যাতিরিক্ত সীমা (ওভার ফ্লাডিং লেভেল) হতে হবে আশপাশের জলাধারগুলোর সর্বাধিক প্রত্যাশিত পানি সীমার ২ মিটারের চেয়ে বেশী
- জনাকীর্ণ এলাকা থেকে কমপক্ষে ৫০০ মিটারের চেয়ে অধিক দূরত্বে
- সংরক্ষিত এই এলাকায় কোনো নির্মাণ করা যাবে না
- প্রাকৃতিক বিপর্যয়ের উচ্চ ঝুঁকিপূর্ণ বন্যার্ত সমতল এলাকায় কোনো নির্মাণ করা যাবে না
- ভূগর্ভ হতে হবে যান্ত্রিক চাপ প্রতিরোধী, লিচেট ও দূষক ধরে রাখতে বা প্রতিরোধ করতে সক্ষম
- পানি প্রতিরোধী
- প্লাবতা-নিরাপত্তার কথাও বিবেচনা করতে হবে

বাংলাদেশের নিয়ন্ত্রিত ল্যান্ডফিল ক্ষেত্রগুলোকে তিনটি শ্রেণী বা ক্যাটেগরিতে ভাগ করার প্রস্তাব করা হয়েছে, জড় ল্যান্ডফিল (০ শ্রেণী), বিপদমুক্ত ল্যান্ডফিল (শ্রেণী ১ এবং ২) এবং হাজার্ডযুক্ত ল্যান্ডফিল (শ্রেণী ৩)। বর্জ্যের গ্রহণযোগ্যতা ও নির্মাণের উপর ভিত্তি করে এই শ্রেণীবিভাগ করার প্রস্তাব করা হয়েছে। এই ডকুমেন্টের উদ্দেশ্য অনুযায়ী জমিভরাটের সংজ্ঞা নির্ধারণ হয়েছে সম্ভাব্য গ্রহণযোগ্য বর্জ্যের ধরন (অর্থাৎ, জড়, হাজার্ডমুক্ত এবং হাজার্ডযুক্ত) এবং তার আরোপিত সীমা-মানের উপর ভিত্তি করে যার সাথে আলোচ্য বর্জ্য অনুবর্তিতা রক্ষা করবে। এগুলো সারণি ৩-এ তালিকাভুক্ত করা হয়েছে। অপারেটর অনুমোদিত নিষ্কাশনযোগ্য বর্জ্যের একটি তালিকা মেনে চলবেন।

সারণি ৩ : ল্যান্ডফিল শ্রেণী<sup>৬</sup>

সংজ্ঞা/বিবরণ	একক	ল্যান্ডফিল শ্রেণী-০ (জড়)	ল্যান্ডফিল শ্রেণী-১ (হাজার্ডমুক্ত)	ল্যান্ডফিল শ্রেণী-২ (হাজার্ডমুক্ত)	ল্যান্ডফিল শ্রেণী-৩ (হাজার্ডযুক্ত ও হাজার্ডমুক্ত)
মূল উপাদানের ইনভেস্টিগেশন					
পানিতে দ্রব্য অংশ	%	০.৪	৩	৬	১০
উত্তোলনযোগ্য চর্বিতে (লিপিড) দ্রবণীয় অংশ	%	০.১	০.৪	০.৮	৪
মোট বিটিইএক্স <sup>৭</sup>	এমজি/কেজি ডি.এস	৬			
মোট পিসিবি <sup>৮</sup>	এমজি/কেজি ডি.এস	১			
মোট পিসিবি <sup>৯</sup>	এমজি/কেজি ডি.এস	৩০			
এমকেডব্লিউ <sup>১০</sup> C <sub>১০</sub> -C <sub>৪০</sub>	এমজি/কেজি ডি.এস	৫০০			

<sup>৬</sup> বর্জ্যের ধরন (জড়, হাজার্ডমুক্ত, হাজার্ডযুক্ত ইত্যাদি) এবং সারণি নির্দেশিত এসবের নিষ্কাশনের অনুমোদিত সীমা মানের উপর ভিত্তি করে ল্যান্ডফিল ওভারহাউন্ড সাইটগুলোর ক্লাস ০, ১, ২ এবং ৩ হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে। প্রতিটি শ্রেণী বা ক্লাসের ল্যান্ডফিলসমূহের নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত বিস্তারিত তথ্য পাওয়া যাবে জার্মান ল্যান্ডফিল অর্ডিন্যান্স

<sup>৭</sup> BTEX = বেনজোল, টলুওল, ইথাইলবেনজোল এবং অর্থোজাইলল-এ।

<sup>৮</sup> PCB = Polychlorinated biphenyl

<sup>৯</sup> PAK = Polycyclic aromatic hydrocarbons

<sup>১০</sup> MKW = Petroleum-derived hydrocarbon

সংজ্ঞা/বিবরণ	একক	ল্যান্ডফিল শ্রেণী-০ (জড়)	ল্যান্ডফিল শ্রেণী-১ (হাজার্ডমুক্ত)	ল্যান্ডফিল শ্রেণী-২ (হাজার্ডমুক্ত)	ল্যান্ডফিল শ্রেণী-৩ (হাজার্ডমুক্ত ও হাজার্ডমুক্ত)
ক্ষার প্রশমনের ক্ষমতা বা এসিড নিউট্রিলাইজেশন ক্যাপাসিটি	এমএমওএল/কেজি				
তাপন বা ক্যালোরিফিক	কেজে/কেজি	৬০০০	৬০০০	৬০০০	৬০০০
শ্বসনযোগ্যতা বা ব্রিডাবিলিটি (AT <sub>8</sub> <sup>১০</sup> )	এমজি/জি O <sub>2</sub> d.s.	৫	৫	৫	৫
গুরু অবশিষ্টাংশের ইনভেস্টিগেশন					
মোট জৈব কার্বন (TOC)	%	১	১	৩	৬
জ্বলন (ignition) হ্রাস ৫৫০°সে	%	৩	৩	৫	১০
ডিস্টিলড ওয়াটারের সাথে লিচেট					
pH*	এমজি/লিটার	৫.৫ - ১৩	৫.৫ - ১৩	৫.৫ - ১৩	৪.০ - ১৩
উইক এসিড হতে পৃথকযোগ্য সায়ানাইড	এমজি/ লিটার	০.০১	০.১	০.৫	১
ফ্লোরাইড (F)	এমজি/ লিটার	১	৫	১৫	৫০
ফেনল	এমজি/ লিটার	০.১	০.২	৫০	১০০
দ্রবীভূত জৈব কার্বন (DOC)**	এমজি/ লিটার	৫০	৫০	৮০	১০০
আর্সেনিক (As)	এমজি/ লিটার	০.০৫	০.২	০.২	২.৫
সীসা (Pb)	এমজি/ লিটার	০.০৫	০.২	১	৫
ক্যাডমিয়াম (Cd)	এমজি/ লিটার	০.০০৪	০.০৫	০.১	০.৫
তামা (Cu)	এমজি/ লিটার	০.২	১	৫	১০
নিকেল (Ni)	এমজি/ লিটার	০.০৪	০.২	১	৪
পারদ (Hg)	এমজি/ লিটার	০.০০১	০.০০৫	০.০২	০.২
দস্তা (Zn)		০.৪	২	৫	২০
বেরিয়াম (Ba)		২	৫	১০	৩০
ক্রোমিয়াম (Cr), মোট		০.০৫	০.৩	১	৭
মলিবডেনাম (Mo)		০.০৫	০.৩	১	৩
অ্যান্টিমনি (Sb)***		০.০০৬	০.০৩	০.০৭	০.৫
অ্যান্টিমনি CO মান		০.০১	০.১২	০.১৫	১
সেলেনিয়াম (Se)		০.০১	০.০৩	০.০৫	০.০৭
ক্লোরাইড (Cl)		৮০	১৫০০	১৫০০	২৫০০
সালফেট (SO <sub>4</sub> )****		১০০	২০০০	২০০০	৫০০০

<sup>১০</sup> DIN ISO 16072 অনুযায়ী শ্বসনযোগ্যতা।

\* শুধুমাত্র অপসারণশীল পিএইচ মান এককভাবে বিচ্ছিন্নকারী নির্ণায়ক হিসেবে গণ্য হবে না। pH মান খুব বেশী বা খুব কম হলে এর কারণ অনুসন্ধান করা প্রয়োজন।

\*\* জমিভরারের বিকল্প নির্মাণ উপাদান বা বর্জ্য তার নিজস্ব নির্ধারিত পিএইচ মানে অর্জন করতে ব্যর্থ হলে DOC-র নির্ধারিত মানও অর্জন করা বাঞ্ছনীয়। যদি জনকল্যাণ বাধাগ্রস্ত না হয় তবে DOC-র অতিরিক্ত মান ২০০ মি.গ্রা./লি. পর্যন্ত উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা যেতে পারে। এই মাত্রা ৩০০ মি.গ্রা./লি. পর্যন্ত হতে পারে যদি তা অজৈবভাবে বাঁধা কার্বনের উপর ভিত্তি করে হয়ে থাকে।

\*\*\* এন্টিমনি (এসবি)-র জন্য নির্ধারিত মানের চাইতে এন্টিমনির বর্ধিত মান গ্রহণযোগ্য হতে পারে যদি এন্টিমনি CO-র নির্ধারিত মানের চাইতে পারকোলেশন পরীবার ঘণীভূত মান অতিরিক্ত না হয়।

\*\*\*\* পারকোলেশন পরীক্ষালব্ধ CO-র মান যদি ১,৫০০ মি.গ্রা./লি অতিক্রম না করে এবং তরল/কঠিন অনুপাত = ০.১ লি/কেজি হয় তবে সালফেটের মান ৬০০ মি.গ্রা./লি. পর্যন্ত গ্রহণযোগ্য হিসেবে ধরা যেতে পারে।

### ৩.৩.৫ তাপীয় (সহ)-ভস্মীকরণ বা কো-ইনসিনারেশন

বর্তমানে বিদ্যমান ও প্রয়োগকৃত সহ-ভস্মীকরণ প্রযুক্তিগুলোর একটি তালিকা নিম্নে দেয়া হলো। উত্তপ্ত আর্দ্র উপাদানসম্মেত জৈব প্রক্রিয়ায় উৎপন্ন স্লাজ ভস্মীকরণ চেম্বারে দেওয়া হয়। শক্তি/জ্বালানী উৎপাদন করার পূর্বে স্লাজকে এই প্রকোষ্ঠে শুষ্ক করে নেয়া যায়। ভস্মীকরণ প্রক্রিয়ায় উৎপাদিত শক্তির চেয়ে শুষ্ককরণে অধিকতর শক্তি ব্যয় হতে পারে।

নিম্নে বর্ণিত ভস্মীকরণ বা ইনসিনারেশন পন্থাগুলো প্রয়োগ করা যেতে পারে:

- চুল্লীতে নর্দমা-উদ্ভূত শুষ্ক স্লাজ (~৯০% ডি.এস) চূর্ণ করে ছড়িয়ে দেয়া।
- নিষ্কাশিত নর্দমার স্লাজ (~২০ - ৩০ % ডি.এস) পৃথকভাবে স্প্রিংকলারের মাধ্যমে ভস্মীকরণ চেম্বারে সরবরাহ করা ও ঝাঁঝির উপর ছড়িয়ে দেয়া। স্লাজকে ঝাঁঝির উপর উল্টে বেড উপাদানের সাথে সংহত বা একত্রিত করা হয়। প্রায়োগিক অভিজ্ঞতা থেকে ২০% মাস (mass) বা সামগ্রিক স্লাজ (২৫% ডি.এস.) প্রত্যক্ষ করা যায়। অন্যান্য অভিজ্ঞতায় দেখা যায় যদি স্লাজের অনুপাত অত্যধিক হয় (ধরা যাক >১০ %.), তাহলে উচ্চ ফ্লাই অ্যাশ উপাদান বা অদক্ষ উপাদানসমূহ অ্যাশ-এর নীচে থেকে যেতে পারে।
- নিষ্কাশিত, শুষ্ক অথবা অর্ধ-শুষ্ক (~৫০ - ৬০ % ডি.এস) স্লাজ অবশিষ্ট বর্জ্যের সাথে মিশ্রিত করে অথবা ভস্মীকরণ চেম্বারে একত্রে প্রবেশ করানো যেতে পারে। ক্রেন অপারেটর নির্দিষ্ট মাত্রায় বর্জ্যখাদ বা ওয়েস্টবাংকারে এটি করতে পারেন অথবা নির্জলা স্লাজকে হোপারে পাম্প করে প্রবিষ্ট করে বা স্প্রেডিং সিস্টেমের সাহায্যে বাংকারে ঢেলে দিয়ে ফিডিং হোপারে নিয়ন্ত্রণ করা যায়।

বাংলাদেশে টেক্সটাইল স্লাজ স্টাডি থেকে প্রাপ্ত গড় শুষ্ক উপাদানের মাত্রা প্রায় ৩০ থেকে ৪০%। অতএব একে নর্দমা নিঃসৃত বর্জ্য হিসেবে চিহ্নিত করে উপযুক্ত ভস্মীকরণ প্রযুক্তি বা পন্থা অবলম্বন করা যেতে পারে।

এই কৌশলের মাধ্যমে শক্তির পুনরুদ্ধার করা গেলেও শুধুমাত্র অন্যান্য নিষ্কাশনের উপায় পথগুলো সীমিত বা ব্যয়বহুল হওয়ায় সম্ভাব্য বিকল্প হিসেবেই এটি আলোচনা করা হয়েছে। ভস্মীকরণের ক্ষেত্রে এমিশনের বা নিঃসরণের সীমা বা মাত্রা পর্যবেক্ষণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফিউরান, ডাইঅক্সিন, এবং আরো কিছু সংখ্যক ফ্লু গ্যাসীয় উপাদান ছাড়াও মোট ক্রোমিয়ামের ৫ থেকে ১০% ক্রোমিয়াম ( $Cr^{+3}$ ) থেকে ক্যানসার উৎপাদনকারী ক্রোমিয়াম ( $Cr^{+6}$ )-রূপান্তরিত হয়। এসব কিছু মানবস্বাস্থ্য ও পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব ফেলে এবং এ কারণে ব্যয়বহুল দূষক ফিল্টার স্থাপনের প্রয়োজন হয়। সহ-ভস্মীকরণে বিদ্যমান প্ল্যান্টসমূহেও এরকম ফিল্টার সিস্টেম সংযোজন করা প্রয়োজন।

অসহনীয় দুর্গন্ধ এড়াতে তাপমাত্রা কমপক্ষে  $৮০০^{\circ}$  সে-এর অধিক হওয়া বাঞ্ছনীয়। স্লাজে বিদ্যমান জলীয় উপাদান-এর কার্যকারিতার উপর প্রভাব ফেলে এবং কিছু ক্ষেত্রে অতিরিক্ত শুষ্ককরণ পদক্ষেপ প্রয়োজনীয় হয়। নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকলে দূষকের স্থানান্তর বেড়ে যেতে পারে এবং বেড়ে গেলে এটাকে টেকসই পন্থার যে মূলনীতি তার লংঘন হিসাবে ধরা হয়।

নিরাপদ ভস্মীকরণ নিশ্চিত করতে ও মানব স্বাস্থ্যের উপর ক্ষতিকর প্রভাব এড়াতে ভস্মীকরণ প্ল্যান্টসমূহ থেকে নিঃসৃত উদ্ভিন্ন সীমার নিম্নবর্ণিত মানগুলো পর্যবেক্ষণ করতে হবে।

সারণি ৪: ইনসিনারেশন বা ভস্মীকরণ প্ল্যান্টসমূহের উদ্বীর্ণণ প্যারামিটারের সীমিতকরণ মানসমূহ

কণা বা কণাসমূহ (Substances, or group of substances)	কনসেন্ট্রেশন $\mu\text{g} / \text{m}^3$	মান পরিমাপের জন্য গড় সময় (Averaging period for the calculation of the value*)	বছরে অনুমোদনযোগ্য গমন হার (Permissible excess frequency per year**)
বেনজিন	৫	বছর	-
নির্লম্বিত বস্তু কণা বা সাসপেন্ডেড পার্টিকুলেট ম্যাটারে (PM <sub>10</sub> ) বিদ্যমান সীসা এবং অজৈব যৌগসমূহ, Pb দ্বারা নির্দেশিত হতে হবে	০.৫	বছর	-
বস্তু কণা বা পার্টিকুলেট ম্যাটারে (PM <sub>10</sub> )	৪০ ৫০	বছর ২৪ ঘণ্টা	- ৩৫
সালফার ডাইঅক্সাইড	৫০ ১২৫ ৩৫০	বছর ২৪ ঘণ্টা ১ ঘণ্টা	- ৩ ২৪
নাইট্রোজেন ডাইঅক্সাইড	৪০ ২০০	বছর ১ ঘণ্টা	- ১৮
ট্রেট্রাক্লোরোইথিলিন (পিইআর)	১০	বছর	-

এই গড়কৃত সময়গুলো জনস্বাস্থ্য সম্পর্কিত বিষয়ের প্রকাশকালকে প্রতিফলিত করে। গড়কাল থেকে স্ট্যাক স্যাম্পলিং কাল ভিন্ন হতে পারে। স্ট্যাক টেস্ট শুধুমাত্র টেস্টকালীন নির্গমনের একটি স্থিরচিত্র প্রদান করে। এই পদ্ধতিসমূহে প্রকৃত নির্গমনের অবিচ্ছিন্ন ও ধারাবাহিক পর্যবেক্ষণও অন্তর্ভুক্ত থাকতে পারে; অথবা স্বল্পকালীন নির্গমন টেস্টে উদ্ভূত ফলাফলের বহির্পাতন।

- পর্যাবৃত্তিক নির্গমন টেস্টের জন্য স্যাম্পলিং সময়কাল এক ঘণ্টা আদর্শ বলে ধরা উচিত
- চলমান পরিমাপের অধীনে ২৪ ঘণ্টা গড়কৃত সময়ে সমস্ত বৈধ ঘণ্টা-ভিত্তিক গড়গুলো ঘনত্ব নিরূপণে ব্যবহৃত হবে। পর্যাবৃত্তিক পরিমাপের ক্ষেত্রে ২৪ ঘণ্টার গড় সময়কালের জন্য একই দিনের প্রতি তিন-ঘণ্টার গড়গুলো ঘনত্ব নিরূপণে ব্যবহৃত হবে।
- সারা বছরের কনসেন্ট্রেশন নিরূপণের জন্য বছরে কমপক্ষে ৩টি স্যাম্পলিং করতে হবে। পরবর্তী সারণিতে প্রত্যেকটি উপাদানের জন্য সুনির্দিষ্ট নির্দেশাবলী বর্ণনা করা হয়েছে। একটি উদাহরণ হিসেবে, সালফার ডাইঅক্সাইডের বাৎসরিক কনসেন্ট্রেশন ৩টি ২৪-ঘণ্টার স্যাম্পলিং গড় করে নিরূপণ করা যেতে পারে অথবা তিনটি এক-ঘণ্টার স্যাম্পলিং এক বছরের তিনটি ভিন্ন ভিন্ন সময়ে নিয়ে গড় করে নিরূপণ করা যেতে পারে।

\* মান হিসেব করায় ব্যবহৃত সংহত সময়। উদাহরণ, বস্তু কণার জন্য, ফিল্টারটি ২৪ ঘণ্টা উপাদান সংগ্রহ করার পর বিশ্লেষণ করা হবে। বাৎসরিক একীভূতকরণ হবে দৈনিক মানসমূহের একীভূতকরণ।

\*\* পরিমাপকৃত কনসেন্ট্রেশন সাধারণ সীমিতকারী মানকে কতবার অতিক্রান্ত করতে পারে তা বোঝায়। একই প্রকার অনুমতি প্রদান করা হয় বাংলাদেশ এয়ার কোয়ালিটি স্ট্যান্ডার্ড (Bangladesh Govt. Gazette S.R.O. No: 220-Law/2005 of 16 July 2005) অনুযায়ী চারিপার্শ্বিক এমবিয়েন্ট বাতাসের জন্য।

কণা বা কণাসমূহ	ব্যবহৃত গড় সময় (বছর)
বেনজিন	৩-চালান গড় (ন্যূনতম ১ ঘণ্টার স্যাম্পলিং সময় প্রতি চালান)
নির্লম্বিত বস্তু কণা বা সাসপেন্ডেড পার্টিকুলেট ম্যাটারে (PM <sub>10</sub> ) বিদ্যমান সীসা এবং অজৈব যৌগসমূহ, চন দ্বারা নির্দেশিত হতে হবে	৩-চালান গড় (ন্যূনতম ১ কিউবিক মিটার শুষ্ক মানের আয়তন সংগ্রহ করতে হবে)
বস্তু কণা বা পার্টিকুলেট ম্যাটারে (PM <sub>10</sub> )	৩-চালান গড় (ন্যূনতম ১ কিউবিক মিটার শুষ্ক মানের আয়তন সংগ্রহ করতে হবে)
সালফার ডাইঅক্সাইড	৩-চালান গড় (ন্যূনতম ১ ঘণ্টার স্যাম্পলিং সময় প্রতি বার)
নাইট্রোজেন ডাইঅক্সাইড	৩-চালান গড় (ন্যূনতম ১ ঘণ্টার স্যাম্পলিং সময় প্রতি বার)
ট্রেট্রাক্লোরোইথিলিন (পিইআর)	৩-চালান গড় (ন্যূনতম ১ ঘণ্টার স্যাম্পলিং সময় প্রতি বার)

অন্যান্য পদ্ধতি, যেমন উপযোগী পণ্য উৎপাদনের জন্য পাইরোলাইসিস বা গ্যাসিফিকেশন ইত্যাদি উন্নয়নের প্রক্রিয়াধীন রয়েছে এবং এ পদ্ধতিগুলো যখন যেভাবে প্রযোজ্য ব্যবহার করা যেতে পারে।

### ৩.৩.৬ ভূমিতে ব্যবহার বা ল্যান্ড অ্যাপ্লিকেশন

ভূমিতে ব্যবহার বলতে ব্যাপকভাবে বিচিত্র প্রকারের ব্যবহারকে বোঝায়, যেমন বন্যা প্রতিরোধে ব্যবহৃত পুরক বস্তু, খনি এলাকার পুনঃখননের জন্য ব্যবহৃত উপাদান/দ্রব্য, অথবা জমি ভরাটের এলাকাকে ঢেকে দেয়ার জন্য উপাদান/বস্তু। ভূমি ব্যবহার এখানে কৃষিজ ব্যবহারের জন্য প্রযোজ্য নয়।

ধরে নেয়া যেতে পারে কৃষিক্ষেত্রে ব্যবহার হবে এমন উপযোগী স্লাজ ল্যান্ড অ্যাপ্লিকেশনের জন্যও উপযোগী, কিন্তু যখন অধিক পরিমাণে ব্যবহার করা হয় তখন লিচিং হ্রাস করার জন্য পুষ্টিকর উপাদান সমৃদ্ধ বস্তুর ব্যবহার বিবেচনা করা বাঞ্ছনীয়। ল্যান্ড অ্যাপ্লিকেশনের আবশ্যিকীয় বিষয়গুলো নির্দিষ্ট ব্যবহার বা প্রয়োগের উপর নির্ভর করবে এবং শুধুমাত্র দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট (Soil Resource Development Institute - SRDI) ও পরিবেশ অধিদপ্তরের (Department of Environment - DOE)-এর সম্মতিক্রমে স্বতন্ত্র ক্ষেত্র বিবেচনায় রেখে সিদ্ধান্ত নিতে হবে।

### ৩.৩.৭ পুনর্ব্যবহারের উপযোগী করা বা রিসাইকেল

রিসাইকেলের একটি গ্রহণযোগ্য পদ্ধতি হলো সিমেন্ট, ইট, টাইলস, কাচ, এসফল্ট ইত্যাদি উৎপাদনে কাঁচামালের পরিবর্তে বা বিকল্প হিসেবে শুষ্ক স্লাজ (অথবা তাপীয় ট্রিটমেন্ট থেকে প্রাপ্ত স্লাজ) ব্যবহার করা। কিছু কাদামাটিতে জৈব উপাদানের অভাব থাকায় তার সাথে স্লাজ যোগ করে নেয়া যায়। ইট পোড়ানোর সময় এসব উপাদানের অক্সিডেশনের বা জারণের ফলে উৎপাদিত ইটের মান উন্নততর হয়।

বায়োলজিক্যাল ট্রিটমেন্টে উৎপন্ন স্লাজের চাইতে ভৌত-রাসায়নিক প্রক্রিয়ায় উৎপন্ন স্লাজের ব্যবহার অধিকতর উপযোগী, কেননা বায়োলজিক্যাল ট্রিটমেন্টে উৎপাদিত জৈব উপাদানসমূহের পরিমাপ ইট তৈরীর কাঁচামালের বিকল্প হিসেবে সন্তোষজনক ব্যবহারের তুলনায় অতি উচ্চ হতে পারে।

প্রতিস্থাপিত কাঁচামালের পরিমাণ ১০ থেকে ৭০% হতে পারে তবে স্লাজ উপাদানের উপর নির্ভর করে ক্রমহ্রাসমান কম্প্রসিভ স্লাজ ব্যবহারের কথা বিবেচনা করা বাঞ্ছনীয়। নন-স্ট্রাকচারাল-বিল্ডিংয়ের ক্ষেত্রে স্লাজ উপাদানের উচ্চমাত্রা সম্ভব হতে পারে।

এই নিষ্কাশন প্রবাহপথের প্রয়োগ ইট প্রস্তুতকারী কোম্পানীগুলোর চাহিদার উপর নির্ভর করবে। যদি তারা স্লাজ উপাদানের পরিমাণের সাথে সমতা রবা করতে না পারে তাহলে এই বিকল্পটি সীমাবদ্ধ হয়ে পড়বে এবং সেক্ষেত্রে অন্যান্য বিকল্প উপায় বের করতে হবে।

সি ক্যাটেগরির স্লাজের রিসাইক্লিংয়ের জন্য চূড়ান্ত উপাদানে ক্ষতিকর অংশগুলো স্থিতিশীল, নাকি দীর্ঘকালীন বাঁধা আছে – এ ব্যাপারে সুনির্দিষ্ট মূল্যায়ন প্রয়োজন।

## ৩.৪ এ ক্যাটেগরি-এর ব্যবস্থাপনা পন্থাসমূহ – সমতুল্য স্লাজসহ শহরাঞ্চলের স্লাজ

### ৩.৪.১ অধ্যায় ৩.৪-এর পরিসর

- এই অধ্যায়টি দুই ধরনের ব্যক্তিবর্গ লক্ষ্য করবেন:
  - যারা তরলবর্জ্য শোধনাগার পরিচালনা করেন এবং কৃষিকার্যে বা উদ্যানে ব্যবহৃত মাটিতে প্রয়োগের লক্ষে নর্দমা স্লাজকে সমর্পণ করেন বা করার ইচ্ছা পোষণ করেন।
  - কৃষিকার্যে বা উদ্যানে ব্যবহৃত মাটিতে নর্দমা স্লাজকে প্রয়োগ করেন বা প্রয়োগ করার ইচ্ছা পোষণ করেন।
- সার বিধির বিধানসমূহ অরুণ থাকবে।
- সংশ্লিষ্ট পন্থাসমূহ এই দলিলে নির্দিষ্ট সীমা মান বা লিমিট ভ্যালু যাতে লঙ্ঘিত না হয় তার নিশ্চয়তা বিধানের লক্ষে কাজ করবেন।

### ৩.৪.২. প্রয়োগযোগ্য অবস্থাসমূহ (কন্ডিশনস পারমিটিং অ্যাপ্লিকেশন)

- উদ্যানে বা কৃষিকার্যে ব্যবহৃত মাটিতে নর্দমা স্লাজ এমনভাবে ব্যবহার করা যাবে যাতে প্রাত্যহিক সাধারণ ভালোমন্দের উপর কোনো বিরূপ প্রভাব না পড়ে, এবং যাতে প্রয়োগের পন্থা, পরিমাণ ও সময় উদ্ভিদের পুষ্টির প্রয়োজনের সাথে সমন্বিত হয় অর্থাৎ যাতে মাটিতে বিদ্যমান জৈব উপাদান এবং স্থানভিত্তিক উর্বরতার সুযোগ করে দেয়া হয়। অধিকন্তু, নর্দমা স্লাজ প্রয়োগ যেন সার আইনে প্রণীত বিধির অধীনে সাধিত হয়।
- উদ্যান বা কৃষিকার্যে ব্যবহৃত মাটিতে নর্দমা স্লাজ প্রথমবারের মতো প্রয়োগের আগে একজন তরলবর্জ্য শোধনাগারের পরিচালক অবশ্যই পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক নিয়োজিত সংস্থার মৃত্তিকা বিশ্লেষণের ভিত্তিতে সে মাটির সীসা, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম, তামা, নিকেল, পারদ এবং দস্তার উপাদান ও পরিমাণগত বিশ্লেষণ করবেন।
- উপরোল্লিখিত বিশ্লেষণসমূহ প্রতি ১০ বছর অন্তর করতে হবে। অধ্যায় ৩.৪.৩, অনুচ্ছেদ ৮-এ নির্ধারিত মানসমূহ অতিক্রান্ত হওয়ার আশঙ্কা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ মৃত্তিকা বিশ্লেষণের কাজ স্বল্পতর সময়ের ভেতর করার আদেশ করতে পারেন। এই সিদ্ধান্ত হবে নর্দমা স্লাজ ও মৃত্তিকা বিশ্লেষণের ফলাফলের উপর ভিত্তি করে এবং প্রয়োগের পরিমাণ এবং ভারী ধাতু দূষণের অন্যান্য কারণ বিষয় অনুমোদনের পর, এবং এসব হতে হবে দায়িত্বপ্রাপ্ত বিশেষায়িত কৃষি সংক্রান্ত কর্তৃপক্ষের সম্মতিক্রমে। দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ অতিরিক্ত মৃত্তিকা বিশ্লেষণের গুণি নির্দিষ্ট জমির এবং ভারী ধাতুতে সীমাবদ্ধ করতে পারেন।
- পিএইচ মান, উদ্ভিদে প্রাপ্ত ফসফেট উপাদান, পটাশিয়াম, এবং ম্যাগনেসিয়াম সম্পর্কিত মৃত্তিকা বিশ্লেষণ করার পরই কেবল নর্দমা স্লাজ সংশ্লিষ্ট জমিতে প্রয়োগ করা যেতে পারে। মৃত্তিকা বিশ্লেষণের এই ব্যয় উক্ত তরলবর্জ্য শোধনাগারের পরিচালক বহন করবেন।
- সীসা, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম, তামা, নিকেল, পারদ, আর্সেনিক, দস্তা, শোষিত জৈবআবদ্ধ হ্যালোজেন (AOX) হিসেবে জৈব হ্যালোজেন যৌগের সমষ্টি, সমষ্টিক ও অ্যামোনিয়া নাইট্রোজেন, ফসফেট, পটাশিয়াম, ম্যাগনেসিয়াম, একই সাথে শুষ্ক অবশিষ্ট, জৈব উপাদান, ভারী উপাদান, পিএইচ মান, সালমোনেলা ও হেলমিথ্র ওভা, ইত্যাদির মান নির্ধারণে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ দ্বারা নিয়োজিত সংস্থা

কর্তৃক ছয় মাস পর পর নর্দমা স্লাজ বিশ্লেষিত হওয়া সাপেক্ষেই তা নর্দমা স্লাজ উদ্যানে ও কৃষিজ জমিতে প্রয়োগ করা যেতে পারে। অধিকতর উপাদানকে আওতাধীন করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ বিশ্লেষণের পরিধি বৃদ্ধি করতে পারেন। কর্তৃপক্ষ নর্দমা স্লাজ বিশ্লেষণের মধ্যবর্তীকাল দুই মাস পর্যন্ত সময়ে হ্রাস করতে পারেন। এরকম করতে গিয়ে বিশ্লেষণের আওতা শুধুমাত্র ভারী ধাতুতে সীমাবদ্ধ করতে পারেন।

৬. নর্দমা স্লাজ উদ্যানে বা কৃষিজ জমিতে ব্যবহার করা যেতে পারে শুধুমাত্র যদি প্রথমবার ব্যবহারের পূর্বে দুই বছর অন্তর অন্তর নর্দমা এর স্যাম্পল স্থায়ী জৈব দূষক, পলিক্লোরিনেটেড বাইফেনাইল ও পলিক্লোরিনেটেড ডাইবেনজোডাইঅক্সিন (পিসিডিডি) এবং ডাইবেনজোফুরান (পিসিডিএফ) ইত্যাদি উপাদানের জন্য বিশ্লেষণ করা হয়ে থাকে। একইভাবে অনুচ্ছেদ ৫, বাক্য ৩ প্রযোজ্য হবে। এই বিশ্লেষণ অবশ্যই পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক নিয়োজিত অনুমোদিত সংস্থা বা পক্ষ কর্তৃক সম্পাদিত হবে।
৭. অনুচ্ছেদ ২, ৩, ৫ ও ৬-এ নির্দিষ্ট স্যাম্পলিং ও বিশ্লেষণসমূহ এই ডকুমেন্টের পরিষ্টি ৫-এ উল্লেখিত নির্দেশনাবলীর সাথে সঙ্গতি রেখে তরলবর্জ্য শোধনাগারের পরিচালক সম্পাদন করবেন।
৮. যেসব ক্ষেত্রে ক্ষুদ্র-মাপের কৃষি উদ্যোগের শোধনাগার থেকে উৎপাদিত স্লাজ সেই উদ্যোগের মালিকানাধীন আবাদী জমিতে প্রয়োগ হবে সেসব ক্ষেত্রে অনুচ্ছেদ ২ থেকে ৭ পর্যন্ত নির্দেশনাবলী অনুসরণ প্রয়োজনীয় হবে না। প্রথমবার প্রয়োগের পূর্বে এই প্রকার শোধনাগার থেকে উৎপন্ন স্লাজ অনুচ্ছেদ ৫-এর শর্তাদী অনুযায়ী অবশ্যই বিশ্লেষণ করতে হবে। ফলাফলসমূহ অনতিবিলম্বে পরিবেশ অধিদপ্তর ও দায়িত্বপ্রাপ্ত বিশেষায়িত কর্তৃপক্ষের (এসআরডিআই) কাছে দাখিল করতে হবে।
৯. ১,০০০ জনসংখ্যার কম ক্ষমতা সম্পন্ন শোধনাগারে গৃহস্থালীর তরলবর্জ্য, পৌর বর্জ্য, বা সমতুল্য বর্জ্য সমূহ থেকে প্রাপ্ত নর্দমা স্লাজের প্রয়োগ বিষয়ে অধ্যায় ৩.৪.২ অনুযায়ী প্রাথমিক বিশ্লেষণের পর অনুচ্ছেদ ৩ ও ৬-এ উল্লেখিত বিশ্লেষণসমূহ বাদ দেয়া যেতে পারে। অনুচ্ছেদ ৫-এ নির্দিষ্ট বিশ্লেষণসমূহ সর্বাধিক দুই বছর অন্তর সম্পাদন করতে হবে; দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ এই অন্তর্বর্তীকালকে ৬ মাস পর্যন্ত কমিয়ে আনতে পারেন অথবা ৪৮ মাস পর্যন্ত দীর্ঘায়িত করতে পারেন এবং অধিকতর উপাদানের অন্তর্ভুক্তির উদ্দেশ্যে বিশ্লেষণের আওতা বাড়াতে পারেন।
১০. মানবস্বাস্থ্য ও পরিবেশের উপর বিরূপ প্রভাবের আশংকা থাকলে ক্ষুদ্র-মাপের পারিবারিক শোধনাগারসমূহের ক্ষেত্রে অনুচ্ছেদ ২ থেকে ৭ অনুযায়ী বিশ্লেষণসমূহ শুধুমাত্র দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী সম্পাদিত হবে।
১১. যদি আবেদনকারী পর্যাপ্ত যোগ্যতাসম্পন্ন হন, স্বাধীন ও নির্ভরযোগ্য হন, এবং প্রয়োজনীয় প্রযুক্তিগত যন্ত্রপাতির অধিকারী হন তবে অনুচ্ছেদ ২, অনুচ্ছেদ ৫, বাক্য ১ এবং অনুচ্ছেদ ৬, বাক্য ৩ অনুসারে অভিহিত একটি পক্ষকে ল্যাবরেটরী হিসেবে নিয়োগ করা যাবে। এই নিয়োগ যথাযোগ্য কর্তৃপক্ষ, যেমন পরিবেশ অধিদপ্তর কর্তৃক কার্যকর করা হবে। এই নিয়োগের অনুমোদন হবে প্রত্যাহার অনুবিধির আওতাধীন, নির্দিষ্ট সময়সীমার জন্য, নির্দিষ্ট শর্ত ও দায় সাপেক্ষ, অথবা এমন অনুবিধি সাপেক্ষ যাতে পরবর্তীসময়ে দায়িত্ব ন্যস্ত করা যায়।

### ৩.৪.৩. প্রয়োগ ও নিষেধাজ্ঞা

১. এ ক্যাটেগরি চিহ্নিত গৃহস্থালী তরলবর্জ্য, শহরাঞ্চলের তরলবর্জ্য বা সমতুল্য তরলবর্জ্য শোধনের কারণ ব্যতীত অশোধিত স্লাজ ও তরলবর্জ্য শোধনাগার থেকে উৎপন্ন স্লাজ উদ্যানে বা কৃষিকার্যে ব্যবহৃত জমিতে প্রয়োগ নিষিদ্ধ।

২. সবজি ও ফল উৎপাদনে ব্যবহৃত জমি এলাকায় নর্দমা স্লাজ প্রয়োগ করা নিষিদ্ধ। যেসব আবাদী জমিতে যে-বছর নর্দমা স্লাজ প্রয়োগ করা হয়েছে সে-বছর এবং তার পরবর্তী বছরে সে-জমিতে সবজি চাষ নিষিদ্ধ।
৩. যেসব আবাদী জমিতে মেঠো ঘাস বা খাদ্যযোগ্য অংশবিশিষ্ট পশুখাদ্য হিসেবে উদ্ভিদ চাষ করা হয় সেসব জমিতে শুধুমাত্র বীজবপনের আগে এবং গভীর লাঙ্গল দেয়ার পর নর্দমা স্লাজ প্রয়োগ করা যাবে।
৪. স্থায়ী ঘেসো জমিতে বা তৃণভূমিতে নর্দমা স্লাজ প্রয়োগ নিষিদ্ধ।
৫. বনায়নের জন্য উদ্ভিষ্ট জমিতে নর্দমা স্লাজ প্রয়োগ নিষিদ্ধ।
৬. পার্ক, খেলার মাঠ এবং সমজাতীয় এলাকা যেখানে মানুষ, বিশেষ করে শিশুরা সরাসরি মাটির সংস্পর্শে আসে এমন জমিতে নর্দমা স্লাজ প্রয়োগ নিষিদ্ধ।
৭. ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠের পানিকে দূষণমুক্ত রাখার উদ্দেশ্যে নিম্নলিখিতভাবে প্রয়োগ স্থল ও পানির আধারের মধ্যবর্তী জায়গায় বাফার জোন রাখতে হবে:
  - জলাধারের গভীরতা => ৫ মিটার
  - ভূপৃষ্ঠের পানি হতে দূরত্ব => ২০০ মিটার হলে নিষিদ্ধ
 অধিকতর-প্রসারী বিধিসমূহের সাথে অনুবর্তী হওয়া বাঞ্ছনীয়।
৮. উদ্যানে ও কৃষিকার্যে ব্যবহৃত জমিতে নর্দমা স্লাজ প্রয়োগ নিষিদ্ধ যদি অধ্যায় ৩.৪.২, অনুচ্ছেদ ২ বা ৩ অনুসারে মৃত্তিকা বিশ্লেষণে প্রাপ্ত নিম্নলিখিত ভারী ধাতুগুলোর একটির মানও নিম্নলিখিত মানের চেয়ে অতিরিক্ত হয়:

ভারী ধাতু	প্রতি কিলোগ্রাম শুষ্ক উপাদানে মিলিগ্রাম
সীসা	১০০
ক্যাডমিয়াম	১.৫
ক্রোমিয়াম	১০০
তামা	৬০
নিকেল	৫০
পারদ	১
দস্তা	২০০
আর্সেনিক	৪০

মাটির রেটিং অনুযায়ী যেসব মাটি হালকা মাটি হিসেবে শ্রেণীবদ্ধ এবং যার কাদামাটির পরিমাণ ৫ শতাংশের কম অথবা অধ্যায় ৩.৪.২, অনুচ্ছেদ ৪ অনুযায়ী বিশ্লেষণে পিএইচ মান ৫-এর বেশী বা ৬-এর কম পাওয়া যায়, এমন ক্ষেত্রে নিম্নোক্ত ভারী ধাতুসমূহের (ক্যাডমিয়াম ও দস্তা) মান নিম্নোক্ত মানের চেয়ে অধিক হলেও স্লাজ প্রয়োগ নিষিদ্ধ হবে:

ভারী ধাতু	প্রতি কিলোগ্রামে মিলিগ্রাম শুষ্ক উপাদান
ক্যাডমিয়াম	১
দস্তা	১৫০

৯. উদ্যানে বা কৃষিকার্যে ব্যবহৃত জমিতে নর্দমা স্লাজ ব্যবহার নিষিদ্ধ যদি অধ্যায় ৩.৪.২, অনুচ্ছেদ ৪ অনুযায়ী মৃত্তিকা বিশ্লেষণ থেকে পিএইচ মান ৫-এর কম হয়। যেসব মাটির পিএইচ মান ৫-এর কম হবে সেসব মাটিতে নর্দমা স্লাজ প্রয়োগের আগে লাইম উপাদান দিয়ে লাইম ড্রেসিং করতে হবে।

প্রয়োজনীয় লাইমের পরিমাণ হিসেব করতে পরবর্তী সময়ে নর্দমা স্লাজে প্রয়োগকৃত বেসিফাইং উপাদানকে বিবেচনা করতে হবে।

১০. উদ্যানে বা কৃষিকার্যে ব্যবহৃত কোনো মাটির জন্য অধ্যায় ৩.৪.২, অনুচ্ছেদ ৬ অনুযায়ী সম্পাদিত বিশ্লেষণ থেকে প্রাপ্ত ফলাফলে নিম্নোক্ত জৈব স্থায়ী দূষকসমূহের পরিমাণ নিম্নোক্ত মানসমূহের চাইতে অধিক হলে সেই জমি নর্দমা স্লাজ প্রয়োগ নিষিদ্ধ:

- পলিক্লোরিনেটেড বাইফেনাইল (পিসিবি): প্রতি ক্ষেত্রে প্রতি কিলোগ্রাম স্লাজে শুষ্ক উপাদানের ০.২ মিলিগ্রাম, উপাদান সংখ্যা ২৮, ৫২, ১০১, ১৩৮, ১৫৩, ১৮০, এগুলোর জন্য।
- পলিক্লোরিনেটেড ডাইবেনজো ডাইঅক্সিন/ডাইবেনজোফুরান (পিসিডিডি/পিসিডিএফ): ১০০ ন্যানোগ্রাম পিসিডিডি বিষাক্ততার সমতুল্য (হিসেব করার উদাহরণের জন্য এনেক্স ৫, অনুচ্ছেদ ১.৩.৩.২ দেখুন) প্রতি কিলোগ্রাম স্লাজে শুষ্ক উপাদানে।

১১. অধ্যায় ৩.৪.২-এর অনুচ্ছেদ ৫ অনুযায়ী সম্পাদিত বিশ্লেষণে মোট প্যারামিটার AOX হিসেবে প্রকাশিত মোট হ্যালোজেন যৌগ, প্রতি কিলোগ্রাম স্লাজ শুষ্ক উপাদান ৫০০ মিলিগ্রাম অতিক্রম করলে উদ্যানে বা কৃষিকার্যে ব্যবহৃত জমিতে নর্দমা স্লাজ প্রয়োগ নিষিদ্ধ হবে।

১২. অধ্যায় ৩.৪.২-এর অনুচ্ছেদ ৫ অনুযায়ী সম্পাদিত বিশ্লেষণে নিম্নোক্ত ভারী ধাতুসমূহের একটিরও মান অতিক্রম করলে উদ্যানে বা কৃষিকার্যে ব্যবহৃত জমিতে নর্দমা স্লাজ প্রয়োগ নিষিদ্ধ হবে:

ভারী ধাতু	প্রতি কিলোগ্রামে মিলিগ্রাম
সীসা	৯০০
ক্যাডমিয়াম	১০
ক্রোমিয়াম	৯০০
তামা	৮০০
নিকেল	২০০
পারদ বা মার্কারি	৮
দস্তা	২৫০০
আর্সেনিক	৪০

মাটি রেটিং-এর হালকা মাটি হিসেবে বিবেচিত জমির ক্ষেত্রে এবং যাতে কাদামাটির পরিমাণ শতকরা ৫ ভাগের কম এবং যার বিশ্লেষণ (অধ্যায় ৩.৪.২, অনুচ্ছেদ ৪ অনুসারে) থেকে দেখা যায় পিএইচ মান ৫-এর অধিক এবং ৬-এর কম, সেক্ষেত্রে নিম্নোক্ত মানগুলো বাক্য ১-এ পাঠ করতে হবে:

ভারী ধাতু	প্রতি কিলোগ্রামে মিলিগ্রাম
ক্যাডমিয়াম	৫
দস্তা	২০০০

অধ্যায় ৩.৪.২, অনুচ্ছেদ ৫ অনুযায়ী সম্পাদিত বিশ্লেষণে নিম্নোক্ত প্যাথোজেনসমূহের উপাদানগুলোর একটিও প্রদত্ত মান অতিক্রম করলে উদ্যানে বা কৃষিকার্যে ব্যবহৃত জমিতে নর্দমা স্লাজ প্রয়োগ নিষিদ্ধ হবে:

প্যাথোজেন	প্রতি কিলোগ্রামে মিলিগ্রাম
স্যালমোনেলা	শূন্য
হেলমিছ ওভা (মোট ভায়োবল ওভা/গ্রাম শুষ্ক উপাদান)	< ০.২৫ (ভায়োবল ওভা/৪গ্রাম)

১৩. নর্দমা স্লাজ কম্পোস্ট, ডাইজেস্টেটস ও নর্দমা স্লাজ মিশ্রণ ইত্যাদি তৈরী বা মিশ্রণের আগে নর্দমা স্লাজের সাথে অন্যান্য এডিটিভ যোগ করতে হবে, অধ্যায় ৩.৪.২-এর অনুচ্ছেদ ১০, ১১, ১২-এ উল্লেখ অনুসারে সীমা মানসমূহ প্রয়োগ করতে হবে। সেই সাথে উৎপাদিত কম্পোস্ট, ডাইজেস্টেট ও মিশ্রণে উক্ত সীমা মানসমূহ প্রয়োগ করতে হবে। নর্দমা স্লাজ ব্যবহার করে তৈরী মিশ্রণে দূষকের বোঝা কখনই অনুচ্ছেদ ১০, ১১, ১২-এ অনুমোদিত দূষক উপাদান এবং অধ্যায় ৩.৪.৪-এর অনুচ্ছেদ ১-এ অনুমোদিত পরিমাণকে অতিক্রম করতে পারবে না।
১৪. শুধুমাত্র প্রয়োগের জন্য হলেই প্রয়োগ-ক্ষেত্রের নিকটবর্তী স্থানে নর্দমা স্লাজকে রক্ষণ বা স্টোর করা যেতে পারে।

### ৩.৪.৪. প্রয়োগের পরিমাণ

- অধ্যায় ৩.৪.১-এ বর্ণিত জমিতে তিন বছর সময়কালের মধ্যে প্রতি হেক্টরে ৬ টনের অনধিক নর্দমা স্লাজ উদ্ভূত শুষ্ক উপাদান প্রয়োগ অনুমোদনযোগ্য হবে। যদি নর্দমা স্লাজ কম্পোস্টে দূষক উপাদান ৫০% ভারী ধাতু অতিক্রম না করে যা অধ্যায় ৩.৪.৩, উপ-অধ্যায় ৩.৪.১২ অনুমোদিত, এবং অধ্যায় ৩.৪.৩ উপ-অধ্যায় ১০ দ্বারা অনুমোদিত জৈব দূষকের পরিমাণ ৫০%-এর অধিক না হয় তবে প্রতি হেক্টরে ১০ টন হারে শুষ্ক উপাদান ৩ বছর সময়কালের মধ্যে নর্দমা স্লাজ কম্পোস্ট প্রয়োগ করা যেতে পারে।
- নর্দমা স্লাজসহ কোনো মিশ্রণ প্রয়োগের ক্ষেত্রে অনুচ্ছেদ ১-এ যে পরিমাণ নর্দমা স্লাজ প্রয়োগের জন্য অনুমোদিত তাকে বোঝাবে, মিশ্রণকে বোঝাবে না। নর্দমা স্লাজের অনুপাত সরবরাহকারী যাচাই করবেন এবং ব্যবহারকারীকে অবহিত করবেন। অধ্যায় ৩.৪.৩, অনুচ্ছেদ ১৩, বাক্য ২-ও এষেত্রে প্রযোজ্য হবে।

### ৩.৪.৫ যাচাইয়ের প্রমাণ দাখিলের দায়বদ্ধতা

- নর্দমা স্লাজ সমর্পণের কমপক্ষে দুই সপ্তাহ আগে, তরলবর্জ্য শোধনাগারের পরিচালক, অথবা ক্ষমতাপ্রাপ্ত কোনো তৃতীয় পক্ষ, যেমন স্লাজ ব্যবহারকারী কোনো কৃষক, অভীষ্ট প্রয়োগের ব্যাপারে প্রয়োগ এলাকার দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষকে এবং বিশেষজ্ঞ কৃষি কর্তৃপক্ষকে ডেলিভারী চালানপত্রের অনুলিপি, পরিশিষ্ট ৬-এ প্রদত্ত উদাহরণ অনুযায়ী দাখিল করে অবহিত করবেন।
- তরলবর্জ্য শোধনাগারের পরিচালক ডেলিভারী নোট বা চালানপত্রে নর্দমা স্লাজ সমর্পণের সময় লিপিবদ্ধ করবেন এবং তা চালানকারীর নিকট হস্তান্তর করবেন। পরিবহনের সময় এই চালানপত্র অবশ্যই যানবাহনে থাকতে হবে। নর্দমা স্লাজের সরবরাহ এবং প্রয়োগ অবশ্যই গ্রহীতা কর্তৃক নিশ্চিত করতে হবে।
- গ্রহীতা ও সরবরাহকারী উভয়েই চালানপত্রের অনুলিপি সংরক্ষণ করবেন, আরো একটি অতিরিক্ত অনুলিপি সরবরাহকারী তরলবর্জ্য শোধনাগারের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ এবং প্রয়োগক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ, এবং মূল কপি তরলবর্জ্য শোধনাগারের পরিচালক বরাবর প্রেরণ করবেন। শেযোক্তজন মূল

কপিটি হস্তান্তরের সময় থেকে ৩০ বছরকাল সংরক্ষণ করতে বাধ্য থাকবেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের অনুরোধক্রমে তাদের কাছে উপস্থাপন করবেন। উপধারা ১ এবং ২ ও বাক্য ১ বাস্তবায়নে ইলেক্ট্রনিক তথ্য প্রক্রিয়াকরণের সুবিধা গ্রহণ করা যাবে।

৪. উপধারা ১ থেকে ৩ নির্ধারিত বাধ্যবাধকতাসমূহ ফলপ্রসূ হবে যদি তরলবর্জ্য শোষণাগারের পরিচালকগণ তাদের নিজেদের সম্পত্তিতে নর্দমা স্লাজ প্রয়োগ করেন বা করান।
৫. তরলবর্জ্য শোষণাগারের পরিচালকগণ নিম্নলিখিত তথ্য সম্বলিত একটি রেজিস্টার রচনা করবেন:
  - উৎপাদিত স্লাজের আয়তন এবং কৃষিতে সরবরাহকৃত স্লাজ (টন হিসেবে শুষ্ক উপাদান),
  - অধ্যায় ৩.৪.২, উপধারা ৫ অনুসারে নর্দমা স্লাজের বৈশিষ্ট্য,
  - নর্দমা স্লাজ শোধনের ধরন বা প্রক্রিয়া
  - স্লাজ গ্রহীতার নাম ও ঠিকানা, প্লট-ভিত্তিক জমির এলাকা যেখানে নর্দমা স্লাজ প্রয়োগ হবে,
  - জমির রেকর্ড নম্বর অনুযায়ী সাজানো এবং প্লট অনুযায়ী পৃথকীকৃতভাবে মৃত্তিকা বিশ্লেষণের ফলাফল। তরলবর্জ্য শোষণাগারের পরিচালকগণ এসব বিস্তারিত তথ্যসমূহ পূর্ববর্তী পঞ্জিকাবর্ষের জন্য পরবর্তী বছরের শুরুতে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের কাছে দাখিল করবেন।
৬. বাসাবাড়ির তরলবর্জ্য, শহরাঞ্চলের তরলবর্জ্য অথবা ১,০০০ জনসংখ্যার কম ক্ষমতাসম্পন্ন বা সমতুল্য তরলবর্জ্য শোষণাগারের পরিচালকগণ উপধারা ৫-এ বর্ণিত দায়বদ্ধতার আওতা থেকে মুক্ত থাকবেন।

### ৩.৪.৬ প্রশাসনিক অপরাধসমূহ

যদি কেউ ইচ্ছাকৃত বা অবহেলা করে নিম্নোক্ত কাজ করেন তবে তা প্রশাসনিক অপরাধ বলে ধরা হবে :

১. অধ্যায় ৩.৪.২ (উপধারা ৪, বাক্য ১)-এ নির্দিষ্ট মৃত্তিকা বিশ্লেষণ ব্যতিরেকে স্লাজ প্রয়োগ করেন,
২. অধ্যায় ৩.৪.২ (উপধারা ৫, বাক্য ১ অথবা উপধারা ৬, বাক্য ১)-এ নির্দিষ্ট নর্দমা স্লাজ বিশ্লেষণ ব্যতিরেকে স্লাজ প্রয়োগ করেন বা স্লাজ প্রয়োগের জন্য হস্তান্তর করেন,
৩. নর্দমা স্লাজ বিশ্লেষণ করতে ব্যর্থ হন অথবা বিশ্লেষণের ফলাফল দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করতে ব্যর্থ হন (অধ্যায় ৩.৪.২, উপধারা ৮, বাক্য ২ বা ৩),
৪. নর্দমা স্লাজের নির্দিষ্ট বিশ্লেষণ ব্যতিরেকে নর্দমা স্লাজ প্রয়োগ করেন অথবা বিধিবিরুদ্ধ প্রয়োগের জন্য নর্দমা স্লাজ হস্তান্তর করেন,
৫. নির্দিষ্ট আদেশ সুচারুভাবে ও সময়ানুগভাবে মান্য করতে সম্পূর্ণরূপে ব্যর্থ হন (অধ্যায় ৩.৪.২, উপধারা ১০),
৬. এই ডকুমেন্টের আবশ্যিকীয় নিষেধাজ্ঞাসমূহ ও সীমাবদ্ধতাসমূহের প্রতি আনুগত্য না রেখে নর্দমা স্লাজ প্রয়োগ করেন (অধ্যায় ৩.৪.৩, উপধারা ১,২, বাক্য ১, উপধারা ৪ বা ৫, বা উপধারা ৬ থেকে ১১),
৭. নিম্নোক্ত অধ্যায়সমূহে নির্দেশিত উদ্ভিদসমূহের বেড়ে ওঠার জন্য প্রয়োজনীয় শর্তাদির অনুবর্তী হতে ব্যর্থ হলে অথবা জমিতে গভীর লাঙল দেয়ায় ব্যর্থ হলে (অধ্যায় ৩.৪.৩, উপধারা ২, বাক্য ২ এবং সেই সাথে উপধারা ৩, বাক্য ১),
৮. বপনের আগে নর্দমা স্লাজ জমিতে প্রয়োগে ব্যর্থ হলে (অধ্যায় ৩.৪.৩, উপধারা ৩, বাক্য ২),
৯. উদ্যানে বা কৃষিকার্যে ব্যবহৃত জমিতে নর্দমা স্লাজ প্রয়োগ করেন (অধ্যায় ৩.৪.৩, উপধারা ১২),
১০. সীমা স্থিতিমাপ ও দূষক বোঝার অনুবর্তী নয় এমন নর্দমা স্লাজের মিশ্রণ ব্যবহার করেন (অধ্যায় ৩.৪.৩, উপধারা ১৩, বাক্য ২),
১১. প্রয়োগ এলাকার নিকটবর্তী স্থানে নর্দমা স্লাজ সংরক্ষণ করেন (অধ্যায় ৩.৪.৩, উপধারা ১৪),

১২. নির্দিষ্ট পরিমাণের চাইতে অধিক নর্দমা স্লাজ উদ্ভূত শুরু উপাদান, নর্দমা স্লাজ কম্পোস্ট, ডাইজেস্টেট, অথবা নর্দমা স্লাজ ব্যবহার করে তৈরী করা মিশ্রণ ব্যবহার করেন (অধ্যায় ৩.৪.৪)
১৩. নর্দমা স্লাজ প্রয়োগের প্রজ্ঞাপন দানে সম্পূর্ণভাবে বা সময়ানুগ প্রজ্ঞাপন দানে ব্যর্থ হন (অধ্যায় ৩.৪.৫, উপধারা ১),
১৪. পরিবহনের সময়কালে যানবাহনে চালানপত্র রাখতে ব্যর্থ হন (অধ্যায় ৩.৪.৫, উপধারা ২, বাক্য ২),
১৫. এই ডকুমেন্টের পরিশিষ্ট ৬ অনুযায়ী ডেলিভারী চালান পূরণ করতে ব্যর্থ হন সম্পূর্ণরূপে, সঠিকভাবে, অথবা পুরো করতে অথবা অধ্যায় ৩.৪.৫, উপধারা ৩, বাক্য ২ অনুযায়ী নিয়ম লঙ্ঘন করে ডেলিভারী চালানের কপি ৩০ বছর সংরক্ষণ করতে ব্যর্থ হন, অথবা দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের পরীবার নিমিত্তে অনুরোধে উক্ত ডেলিভারী চালান উপস্থাপন করতে ব্যর্থ হন,
১৬. রেজিস্টার সংরক্ষণ করতে সম্পূর্ণরূপে ব্যর্থ হন, অথবা সঠিক ও সম্পূর্ণভাবে পূরণ করতে ব্যর্থ হন, অথবা সময়মত বা পুরোপুরিভাবে তথ্য প্রদানে ব্যর্থ হন।

## ৩.৫ শিল্পোদ্ভূত বি ও সি ক্যাটেগরি স্লাজের ব্যবস্থাপনা পন্থাসমূহ

### ৩.৫.১ পরিধি ও সাধারণ প্রয়োজনীয়তাসমূহ

১. তরলবর্জ্য শোধনাগার অথবা শিল্পোদ্ভূত বর্জ্য শোধনে ব্যবহৃত যৌথ ইটিপি পরিচালনায় জড়িত যে কোনো ব্যক্তি অথবা শিল্পোদ্ভূত স্লাজ ব্যবস্থাপনার যে কোনো ক্ষেত্রে জড়িত ব্যক্তি এই অধ্যায়টি অবশ্যই মেনে চলবেন।
২. হাজার্ডযুক্ত বর্জ্য সম্পর্কিত আইনের বিধিসমূহ অপরিবর্তিত থাকবে।
৩. এই ডকুমেন্টে নির্দেশিত সীমা মানসমূহ যাতে কোনোরূপেই লঙ্ঘিত না হয় তার নিশ্চয়তা বিধানে সংশ্লিষ্ট সকল পক্ষ কাজ করবেন। উৎসে দূষকের পরিমাণ হ্রাস করে উপযুক্ত রিসাইক্লিং এবং পুনরুদ্ধারের প্রযুক্তি সম্ভাব্য ক্ষেত্রে প্রয়োগ করে স্লাজের উৎপাদক অধ্যায় ৩.৫.২-এ বর্ণিত সর্বোত্তম প্রযুক্তিসমূহ বিবেচনা করবেন এবং স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনার অংশ হিসেবে এসবের প্রয়োগযোগ্যতা নিরূপণ করবেন।

### ৩.৫.২ ফার্নিশ ভেরিফিকেশনের দায়বদ্ধতা

১. তরলবর্জ্য শোধনাগারের পরিচালক অথবা দায়িত্বপ্রাপ্ত তৃতীয় ব্যক্তি, উদাহরণস্বরূপ স্লাজ পরিবহনকারী, তরলবর্জ্য শোধনাগারের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের বরাবর নর্দমা স্লাজ প্রদানের কমপক্ষে দুই সপ্তাহ আগে অর্ন্ত পরিবহন এবং শোধন বা নিষ্কাশন সম্পর্কে একটি সম্পূর্ণভাবে পূরণকৃত ডেলিভারী চালানোর কার্বনকপি, এই ডকুমেন্টের পরিশিষ্ট ৮-এ প্রদত্ত উদাহরণ অনুযায়ী, দাখিল করবেন।
২. তরলবর্জ্য শোধনাগারের পরিচালক ডেলিভারী চালানে স্লাজ প্রদানের সময় লিপিবদ্ধ করবেন এবং উক্ত ডেলিভারী চালান চালানকারীর নিকট হস্তান্তর করবেন। পরিবহনের সময় অবশ্যই ডেলিভারী চালানটি যানবাহনে উপস্থিত থাকতে হবে। গ্রহীতা কর্তৃক অবশ্যই নর্দমা স্লাজের সরবরাহ নিশ্চিত করতে হবে।
৩. গ্রহীতা এবং চালানকারী উভয়েই চালানোর একটি করে কপি সংরক্ষণ করবেন, অতিরিক্ত একটি কপি সরবরাহকারী কর্তৃক তরলবর্জ্য শোধনাগারের পরিচালকের বরাবর প্রেরিত হতে হবে, এবং প্রয়োজ্য ক্ষেত্রে শোধন বা নিষ্কাশন ফ্যাসিলিটির দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের কাছে প্রেরণ করতে হবে। মূল কপিটি তরলবর্জ্য শোধনাগারের পরিচালকের বরাবর প্রেরিত হবে। শেষোক্ত ব্যক্তি এই মূল কপিটি হস্তান্তরের সময় থেকে ৩০ বছরের জন্য সংরক্ষণ করবেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ চাইলে সেটা তার নিকট উপস্থাপন করবেন। উপধারা ১ ও ২ এবং বাক্য ১-এর বাস্তবায়নার্থে ইলেক্ট্রনিক তথ্য প্রক্রিয়াকরণ প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে।
৪. যদি তরলবর্জ্য শোধনাগারের পরিচালকগণ তাদের নিজস্ব সম্পত্তিতে নর্দমা স্লাজ শোধন বা নিষ্কাশন করেন তাহলে উপধারা ১ এবং ৩-এ নির্দেশিত দায়বদ্ধতাসমূহ প্রযোজ্য হবে।
৫. তরলবর্জ্য শোধনাগারের পরিচালকগণ নিম্নলিখিত তথ্য সম্মিলিত একটি রেজিস্টার সংরক্ষণ করবেন:
  - উৎপাদিত স্লাজের পরিমাণ এবং সরবরাহকৃত স্লাজের পরিমাণ (টন হিসেবে শুষ্ক উপাদান)
  - নর্দমা স্লাজ শোধন এবং/অথবা নিষ্কাশনের কার্যপ্রণালী
  - স্লাজ গ্রহীতাদের নাম ও ঠিকানা
৬. তরলবর্জ্য শোধনাগারের পরিচালকগণ পূর্ববর্তী বছরের বিস্তারিত তথ্যদি সহ পরবর্তী বছরের প্রথম ত্রৈমাসিক ইটিপি মনিটরিং রিপোর্ট দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন।

### ৩.৫.৩ প্রশাসনিক অপরাধসমূহ

যদি কেউ ইচ্ছাকৃতভাবে বা অবহেলা করে নিম্নলিখিত কাজগুলো করেন তবে তা প্রশাসনিক অপরাধ সংঘটিত হয়েছে বলে গণ্য করা হবে এবং ইসিএ ১৯৯৫ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে :

১. স্লাজ ব্যবস্থাপনার সাধারণ আবশ্যিকীয় করণীয়সমূহ সম্পাদনে ব্যর্থ হন (অধ্যায় ১),
২. সম্পূর্ণভাবে বা সময়ানুগভাবে নর্দমা স্লাজের শোধনের বা নিষ্কাশনের প্রজ্ঞাপন প্রদানে ব্যর্থ হন (অধ্যায় ৩.৪.৫, উপধারা ১),
৩. পরিবহনের সময়কালে বহনকারী যানবাহনে ডেলিভারী চালান প্রাপ্তব্য রাখতে ব্যর্থ হন (অধ্যায় ৩.৪.৫, উপধারা ২, বাক্য ২),
৪. এই ডকুমেন্টের পরিশিষ্ট ৬ অনুযায়ী সঠিকভাবে বা পরিপূর্ণভাবে ডেলিভারী চালান পূরণ করতে ব্যর্থ হন, অথবা অধ্যায় ৩.৪.৫, উপধারা ৩, বাক্য ২ লঙ্ঘন করে ডেলিভারী চালানের একটি কপি ৩০ বছরের জন্য সংরক্ষণ করতে ব্যর্থ হন এবং উক্ত চালান দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের অনুরোধক্রমে নিরীক্ষার জন্য প্রদর্শন করতে ব্যর্থ হন।
৫. সঠিকভাবে বা পরিপূর্ণভাবে রেজিস্টারটি সংরক্ষণে ব্যর্থ হন অথবা তথ্যাদি সঠিক বা সময়ানুগভাবে দাখিল করতে ব্যর্থ হন।

### ৩.৫.৪ প্রাপ্য সর্বোত্তম প্রযুক্তির উদাহরণসমূহ (যেমন বস্ত্রশিল্প)

কিছু রেফারেন্স ডকুমেন্টের সাহায্যে এই অধ্যায়ে কিছু ক্ষেত্রে বর্জ্যপ্রবাহ থেকে পুনরুদ্ধার এবং সংশ্লিষ্ট নিষ্কাশন পথ সহ বর্জ্য শোধনের উদাহরণ উপস্থাপন করা হবে। এগুলো হলো Reference Documents for Best Available Techniques for the Textiles Industry, July 2003 এবং for the Tanning of Hides and Skins, 2003। বিশেষজ্ঞদের বর্ণনায় বৃহৎ পরিসরের বর্জ্য প্রবাহ এবং শোধন প্রক্রিয়া এখানে আলোচনা করা হয়েছে। এসব পাওয়া যাবে এই লিংকটিতে <http://www.epa.ie/pubs/advice/bat/BAT%20Guidance%20Note%20for%20Textiles%20Processing%20Sector.pdf>। নিম্নলিখিত শোধন পদ্ধতিসমূহ উদাহরণ হিসেবে দেয়া হয়েছে, তবে যেসব পদ্ধতি এখানে বর্ণনা করা হয়নি সেগুলোও সমভাবে উপযুক্ত হতে পারে।

১. তরলবর্জ্যের উৎস: পানির আংশিক রিসাইক্লিংয়ের সাথে মিশ্রিত টেক্সটাইল তরলবর্জ্য এবং স্থানীয় (অন-সাইট)

টেক্সটাইল ডাইং ইন্ডাস্ট্রি পরিশোধন থেকে উদ্ভূত তরলবর্জ্য নিঃসরণ পরিশোধন প্ল্যান্ট (ইটিপি) দ্বারা পরিশোধিত হতে হবে। পরিশোধিত পানিকে রিসাইকেল করা যেতে পারে।

তরলবর্জ্য পরিশোধনে নিম্নোক্ত অবস্থাসমূহ থাকতে পারে:

- সমতাকরণ/প্রশমন বা ইকুয়লাইজেশন/নিউট্রালাইজেশন

- জৈব পচনশীলতা বা বায়ো-ডিগ্রেডেশনের জন্য লিগনাইট কোক পাউডার সহযোগে সক্রিয়কৃত স্লাজ ট্রিটমেন্ট,
- রঞ্জনবস্তু ও অন্যান্য কঠিনবস্তু বা অ-জৈবপচনশীল (নন-বায়োডিগ্রেডেবল) বস্তু অপসারণের জন্য লিগনাইট পাউডার সহযোগে পরিশোধন পর্যায়,
- ফ্লোকুলেশন/থিতানো এবং ভাসিয়ে তোলার মাধ্যমে স্লাজ অপসারণ করা (অ্যালুমিনিয়াম সালফেট ও এনায়নিক পলিইলেকট্রোলাইট একীভূতকারী হিসেবে যোগ করা হয়),
- বুলে বা ভেসে থাকা কঠিন বস্তুকে ছাঁকন,
- বিপরীত আশ্রাবণ প্ল্যান্ট বা রিভার্স ওসমোসিস প্ল্যান্ট (একটি পস্থা)

ভেসে থাকা অংশ আর সক্রিয় স্লাজ ট্রিটমেন্ট থেকে স্লাজকে সংগ্রহ করা হয়। একে থিকেনার ও ডিক্যান্টারে নির্জলা করা হয় এবং তারপর একটি রোটারী কিন্নে তাপীয় (৪৫০০ সে.) পদ্ধতিতে পুনরবৎপাদন করা হয়। তারপর চিমনী-গ্যাসকে দহনপরবর্তী প্রক্রিয়ায় সমর্পণ করা হয় (৮৫০০ সে.)

## ২. তরলবর্জ্যের উৎস: প্যাডিং লিকার ও প্রিন্টিং পেস্ট অবশেষ থেকে রেসিডুয়াল ডাইস্টাফকে পুনরায় ব্যবহারের উপযোগী করা (রিসাইক্লিং)

ডাইং ও প্রিন্টিংয়ের জন্য উচ্চ পরিমাণ জৈব উপাদান বিশিষ্ট প্রিন্টিং পেস্ট ও প্যাডিং লিকার ব্যবহার করা হয়। অবশিষ্টাংশকে একটি অ্যানোরোবিক ডাইজেস্টারে পরিশোধন করা যায়, বিশেষ করে শঙ্ক্রে তরলবর্জ্য শোধনাগারে জৈব পরিশোধন থেকে প্রাপ্ত স্লাজের সাথে সহ-গাঁজন (কো-ফারমেন্টেশন) প্রক্রিয়ায়।

এই প্রক্রিয়া অ্যাজো-গ্রুপসমূহ অপরিবর্তনীয়ভাবে ধ্বংসপ্রাপ্ত হয়, তবে আলোক শোষণের ক্ষমতা ও হালকা হলদে রঙ বজায় থাকে।

পানিতে দ্রবণীয় ক্লিভেজ পণ্যসমূহ (সালফোনিক গ্রুপের) পানির পর্যায়ে বিদ্যমান থাকে এবং অ্যানোরোবিক ডাইজেস্টারের উপচে পড়া থেকে ও স্লাজ নির্জলাকরণ প্রক্রিয়ার পরিশ্রুত হিসেবে সক্রিয় স্লাজ ট্রিটমেন্টে পৌঁছায়।

অধিকতর প্রতিস্থাপিত ন্যাফথালিন ডেরিভেটিভগুলো সাধারণত বায়োডিগ্রেডেবল হয় না এবং চূড়ান্তে এফ্লুয়েন্ট বিদ্যমান থাকতে পারে। এই কারণে, পৃথকীকৃত তরল (supernatant) পরবর্তী পর্যায়ে সক্রিয় স্লাজ পরিশোধন সিস্টেমে ট্রিট করা আবশ্যিক।

উৎসস্থলে অন্যান্য প্রবাহ থেকে অবশিষ্ট প্যাডিং লিকারকে পৃথক করতে হবে যাতে তা ঘনীভূত না হয়ে যায়।

প্রতিক্রিয়াশীল প্রিন্টিং পেস্টের মাত্রা ১০গ্রা/কি.গ্রা. স্লাজ (বাধাদানকারী প্রভাব)।

প্যাডিং লিকার ও ভারী ধাতু সমৃদ্ধ ডাইস্টাফসহ প্রিন্টিং পেস্টকে পৃথক করতে হবে যদি না অ্যানোরোবিক ট্রিটমেন্ট থেকে উদ্ধৃত স্লাজকে ভস্মীভূত করা বা উপযুক্ত ল্যাভফিলে ফেলা হয় যা অ্যানোরোবিক ডাইজেশনে শোধিত (ট্রিটেড) সকল প্রকার ডাইস্টাফ অবশিষ্টের জন্য সুপারিশযোগ্য।

### ৩. তরলবর্জ্যের উৎস: পিগমেন্ট পেস্ট সমৃদ্ধ তরলবর্জ্য

এই পদ্ধতিটি ঝিল্লিভিত্তিক (মেশ্বেন বেজড) এবং এর দ্বারা উৎপন্ন পারমিট (permeate)-এর পূর্ণ পুনর্ব্যবহার সম্ভব হয়। এই তরলবর্জ্যে উচ্চ জৈব যৌগযুক্ত পিগমেন্ট প্রিন্টিং পেস্ট বিদ্যমান থাকে। পরিষ্কার করার প্রক্রিয়ায় আরো যা করতে হবে তা হলো, জমাট বাঁধানো (কোয়াগুলেশন), এবং থিতিয়ে যাওয়া (প্রেসিপিটেশন) অংশের মাইক্রোফিল্ট্রেশন। কনসেন্ট্রেট বা ঘনীভূত তরলে ভাসমান বা বুলে থাকা কঠিন দ্রব্যগুলোকে একটি টিউব সেটলারে মাত্রানুযায়ী ফ্লকুলেন্ট প্রয়োগের মাধ্যমে অপসারণ করে ফেলতে হবে।

উৎপন্ন এই স্লাজকে ভস্মীকরণ প্ল্যান্টে পাঠানোর আগে ভৌত-রাসায়নিক প্ল্যান্টে ট্রিট করতে হবে।

### ৪. তরলবর্জ্যের উৎস: মিশ্রিত ও রঙিন পানি

প্রথম প্রি-ট্রিটমেন্টের ধাপ হিসেবে একটি ফ্লোকুলেশন/থিতানোর প্রক্রিয়া সম্পাদন করতে হবে। সর্বোচ্চ সিওডি (COD) ও রঙ অপসারণের জন্য দ্রবীভূত এয়ার ফ্লোটেশনের মাধ্যমে ও ইকুয়ালাইজেশনের পর থিতানো অংশকে অপসারণ করা যেতে পারে। সুতরাং, ফ্লোকুলেন্টের মাত্রা (যেমন, cai COD সহ মিশ্রিত এফ্লুয়েন্টের জন্য ১০০০মি.গ্রা./লি) হবে মোটামুটি:

অ্যালুমিনিয়াম সালফেট	৪০০ - ৬০০ মি.গ্রা./লি
ক্যাটায়নিক অরগানিক ফ্লকুলেন্ট	৫০ - ২০০ মি.গ্রা./লি
অ্যানায়নিক পলিইলেক্ট্রোলাইট	১ - ২ মি.গ্রা./লি

স্লাজকে ভস্মীকরণের সময় ক্লোরাইডের চাইতে সালফেটকে প্রাধান্য দেয়া হয়। আবার, পানি থেকে সালফেটকে সহজেই অপসারণ করা যায়।

প্রয়োগসংক্রান্ত তথ্য বা অপারেশনাল ডাটা:

- সম্ভাব্য নির্দিষ্ট স্লাজ উৎপাদন হলো প্রতি ০.৭ - ১ কি.গ্রা.-এ শুষ্কদ্রব্য প্রতি মি ৩ তরলবর্জ্য
- সম্ভাব্য নির্দিষ্ট স্লাজ উৎপাদন হলো প্রতি ০.৫ কি.গ্রা. অপসারিত সিওডি (প্রতি ৩ কি.গ্রা. উৎপন্ন স্লাজে)
- স্লাজকে একটি চেম্বার ফিল্টার প্রেসে নির্জলা (ডিওয়াটার) করা হবে ৩৫ - ৪০% পর্যন্ত।

উৎপন্ন স্লাজকে ভস্মীভূত করা হবে।

৫. তরলবর্জ্যের উৎস: দ্রাবক পুনরুদ্ধার সিস্টেম থেকে জৈব দ্রাবক সম্পন্ন আংশিক প্রবাহ

টেক্সটাইল ট্রিটমেন্টের জন্য কখনো জৈব দ্রাবক ব্যবহার করা হয়। দ্রাবক পুনরুদ্ধার সিস্টেমে (সলভেন্ট রিকভারী সিস্টেম) উচ্চ পরিমাণ PER (পারক্লোরোইথিলিন) (১৫০-২৫ মি.গ্রা./লি) উৎপন্ন হয় যা ৭৫-১২৫ গ্রা/ঘণ্টা PER এমিশন বা নিঃসরণ তৈরী করে। এই উপাদানটি ক্যান্সার উৎপাদক বলে (ক্যাটেগরি ২এ, আইএআরসির মতে) একে হাজারভুক্ত বর্জ্য বলে গণ্য করা হয়। এই দ্রবণটি জৈবপচনশীল বা বায়োডিগ্রেডেবল নয় বলে একে এমন কোনো এফ্লুয়েন্ট প্রবাহের সাথে মিশ্রিত করা যাবে না যা জৈব (বায়োলজিক্যাল) পর্যায়ে পরিশোধন (ট্রিটমেন্ট) করা হবে, কারণ এটি জমা হয়ে অনির্দিষ্টকাল পর্যন্ত টিকে যেতে পারে। তাই সময়ে সময়ে পরিবর্তনযোগ্য সক্রিয় চারকোল কার্ট্রিজের মাধ্যমে স্ট্রিপিং ও শোষণ করে পৃথক করা বা ট্রিটমেন্ট করা যেতে পারে। এই ব্যবস্থা নিঃসৃত পানিতে অবশিষ্ট পিইআরের মাত্রা ১ মি.গ্রা./লি (পানিতে নিঃসরণ  $\leq$  ০.৫ গ্রা/ঘণ্টা PER) অতিক্রম করবে না এই নিশ্চয়তা বিধান করে।

০.৫ মি৩/ঘণ্টা পর্যন্ত তরলবর্জ্যের প্রবাহ সম্পন্ন ক্ষুদ্র এফ্লুয়েন্ট প্রবাহের জন্য একটি উন্নত (অ্যাডভান্সড) স্থানীয় (অন-সাইট) অক্সিডেশন প্রক্রিয়াও (যেমন, ফেন্টন প্রক্রিয়া) উপযুক্ত প্রক্রিয়া হিসেবে গণ্য হবে।

অবশিষ্ট স্লাজে উচ্চ মাত্রার জলীয় উপাদান এবং উচ্চ মাত্রার ঘনীভূত পিইআর থাকায় এই বর্জ্যের ব্যবস্থাপনা বেশ কঠিন হয়ে পড়ে। মাটিতে বা জলাধারে দূষণ ঘটানোর কারণে এবং ল্যান্ডফিল গ্যাস হিসেবে পরিবেশে পিইআর ছড়িয়ে পড়ে বলে ল্যান্ডফিলকে একটি উপায় হিসেবে প্রায়ই বেছে নেয়া যায় না।

একটি সমাধান হতে পারে পাতিত বা ডিস্টিলড গ্রুপকে (ফোর্সড সার্কুলেশন টাইপ) রিডিজাইন করা, বিশেষ করে স্লাজ ডিস্টিলারকে (খিন লেয়ার ডিস্টিলার বা পাতলা স্তরের পাতনকারী) যাতে দ্রাবকের অবশিষ্টাংশ ১%-এ কমে আসে আর ঘন, শুষ্ক স্লাজ তৈরী হয়।

একটি কো-ইনসিনারেশন সম্ভব যখন ইনসিনারেশন প্ল্যান্টে একটি ফিল্টার থাকে যা PER নিঃসরণ আর তাপীয় ট্রিটমেন্টে সংঘটিত ফিউরান ও ডাইঅক্সিন নিঃসরণকে শোষণ করতে পারে।

৬. তরলবর্জ্যের উৎস: উল স্কাউরিং

উল-স্কাউরিং প্রক্রিয়ায় সারিবদ্ধ গামলায় উলের তন্তুগুলোকে ডিটারজেন্ট দিয়ে ধোয়া হয় আর তাতে উচ্চ জৈব এফ্লুয়েন্টের প্রবাহ তৈরী হয়।

**ইভাপোরেটর:**

ইভাপোরেটর থেকে প্রাপ্ত স্লাজে ময়লা ও চর্বি ছাড়াও নানা রকম চর্বিযুক্ত বা চর্বি জাতীয় বস্তু, পটাশিয়াম লবণ, উলের গায়ে শুকিয়ে লেগে থাকা ভেড়ার গা থেকে প্রাকৃতিকভাবে তৈরী হওয়া চর্বি (সুইন্ট) এসব থাকে। স্লাজে উপস্থিত এই সুইন্ট স্লাজের ভৌত বৈশিষ্ট্য পরিবর্তন করে ফেলে। উচ্চ তাপমাত্রায় এটি তরল আকার ধারণ করে আবার নিম্ন তাপমাত্রায় এটি হয়ে পড়ে কঠিন, এর ফলে ইভাপোরেটর থেকে পাওয়া স্লাজের হ্যান্ডলিং বা বন্দোবস্ত করা এবং একে নিষ্কাশন বা ডিসপোজ করার কাজটিও কঠিন

আর কষ্টসাধ্য হয়ে পড়ে। এর ডিসপোজ করার একটি উপায় হলো একে একটি উচ্চ তাপ মাত্রার বা গরম ট্যাংকে করে চূড়ান্ত নিষ্কাশনস্থলে পরিবহন করা।

#### কোয়াণ্ডুলেশন/ফ্লকুলেশন:

কোয়াণ্ডুলেশন/ফ্লকুলেশন থেকে পাণ্ড স্লাজে শুধু ময়লা আর চর্বি থাকে, কারণ সুইন্ট পানিতে উচ্চমাত্রায় দ্রাব্য। জলীয় উপাদানের উপর ভিত্তি করে এর কাঠিন্য বা ঘনত্ব হয়ে থাকে মোটামুটি আর্দ্র মাটির মতো বা অর্ধ-তরল কাদামাটির মতো।

#### কম্পোস্টিং ও কৃষিতে প্রয়োগ:

এরকম ডিসপোজাল প্রবাহপথ বা নিষ্কাশন পন্থার জন্য কম্পোস্টিং বা অ্যানোরোবিক ডাইজেশনের মতো প্রাক-শোধন বা প্রি-ট্রিটমেন্ট প্রয়োজন হয়।

কম্পোস্টিংয়ের জন্য আদর্শ সি:এন অনুপাত হবে ২৫ - ৩১:১ যাতে উল স্কাউর স্লাজের সাথে অতিরিক্ত প্রয়োজন হয় কার্বন-সমৃদ্ধ উপাদান সবুজ বর্জ্য, করাতকলের গুঁড়া, কাঠের চিলতে আর খড় মিলিয়ে ৫০মিমি আকারের দানা যাতে বায়ু প্রবেশ করতে পারে ইত্যাদি। এই উপাদানের কম্পোস্টিংয়ের আদর্শ আর্দ্রতা হবে ৫০ থেকে ৬০%।

কম্পোস্টিং প্রক্রিয়া দুইটি ধাপে সংঘটিত হয়:

প্রাক-থার্মোফিলিক (৪৫ - ৬০০° সে)

মেসোফিলিক পরবর্তী (২০ - ৪৫০° সে)

আর এটি নিয়ন্ত্রিত হবে অ্যারেশনের মাধ্যমে।

শিল্পজাত স্লাজের জন্য বন্ধ বা ইন-ভেসেল কম্পোস্টিংকে সুপারিশ করা যায়।

সুবিধাসমূহ:

প্রক্রিয়ার অধিকতর ও নিয়ন্ত্রণ

উচ্চতর তাপমাত্রা -> অধিকতর হার

গন্ধ, ধূলা ও লিচেটের নিয়ন্ত্রণ

অসুবিধা হলো অধিকতর বিনিয়োগ ব্যয়। উপরোক্ত, উপযুক্ত কম্পোস্ট তৈরী করার ক্ষেত্রে উপাদানগুলো ম্যাচিউর হওয়ার জন্য কয়েক সপ্তাহ সময় লাগে।

ইট তৈরীতে উল স্কাউরিং থেকে পাওয়া স্লাজের ব্যবহার:

ইট তৈরীতে ব্যবহৃত কাদামাটিতে একটি নির্দিষ্ট পরিমাণ জৈব উপাদান থাকা আবশ্যিক। ইট পোড়ানোর সময় এইসব উপাদানের অক্সিডেশনের ফলে ইটের মানের উন্নতি হয়। যেসব কাদামাটিতে এসব জৈব উপাদানের ঘাটতি রয়েছে সেসব কাদামাটিতে এসব উপাদান যোগ করা উচিত। এ ধরনের ব্যবহারের জন্য উল স্কাউরিং থেকে প্রাপ্ত স্লাজ একটি চমৎকার উপাদান।

উপরোক্ত প্রক্রিয়াসমূহ ছাড়াও আরো উপযোগী পছা পাওয়া গেলে সেগুলোও তরলবর্জ্য পরিশোধনের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।

## পরিশিষ্ট

### পরিশিষ্ট ১: অতিরিক্ত হাজার্ডযুক্ত বর্জ্য উৎপন্নকারী শিল্পসমূহ

যেসব শিল্পসমূহ, বাসেল কনভেনশনের পরিশিষ্ট আই-তে দেয়া নামানুসারে, ৭১ থেকে ৭১৮ (পরিশিষ্ট ১ক) বর্জ্য প্রবাহ উৎপাদন করে এবং যাতে ৭১৯ থেকে ৭৪৫ (পরিশিষ্ট ১খ) উপাদানসমূহ থাকে সেসব বর্জ্যসমূহকে বাসেল কনভেনশন অনুযায়ী নিয়ন্ত্রণযোগ্য করার মতো করে শ্রেণীবদ্ধ করতে হবে। নিম্নোক্ত শিল্পসমূহ অথবা নিম্নোক্ত তালিকাভুক্ত উপাদানসমূহ থেকে হাজার্ডযুক্ত বর্জ্যপ্রবাহ উৎপাদন করার উচ্চমাত্রার সম্ভাবনা থাকে যেগুলো পরিশিষ্ট ২-এ তালিকাভুক্ত করা হয়েছে। এসব শিল্প ও উপাদানসমূহকে বাসেল কনভেনশন অনুযায়ী এবং পরিবেশ রক্ষা বিধি, ১৯৯৭ অনুযায়ী নিয়ন্ত্রণ করা আবশ্যিক।

### পরিশিষ্ট ১ক: অতিরিক্ত হাজার্ডযুক্ত বর্জ্য উৎপন্নকারী শিল্পসমূহ

- Y1 স্বাস্থ্যসেবা, হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, এবং ক্লিনিক থেকে উৎপন্ন ক্লিনিক্যাল বর্জ্যসমূহ
- Y2 ফার্মাসিউটিক্যাল পণ্য উৎপাদন বা প্রস্তুতি থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ
- Y3 বর্জ্য ফার্মাসিউটিক্যাল, ড্রাগ বা ঔষধ
- Y4 বায়োসাইড ও ফাইটোফার্মাসিউটিক্যালের প্রস্তুত, উৎপাদন ও ব্যবহার থেকে উদ্ভূত বর্জ্যসমূহ
- Y5 কাঠ সংরবণের জন্য কেমিক্যাল উৎপাদন, প্রস্তুতি ও ব্যবহার থেকে উৎপন্ন বর্জ্যসমূহ
- Y6 অর্গানিক সলভেন্ট বা জৈব দ্রাবকের উৎপাদন, প্রস্তুতি ও ব্যবহার থেকে উৎপন্ন বর্জ্যসমূহ
- Y7 সায়ানাইড সমৃদ্ধ তাপীয় শোধন বা হিট ট্রিটমেন্ট এবং টেম্পারিং প্রক্রিয়া বা অপারেশন থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ
- Y8 মূল উদ্দেশ্যে ব্যবহারের জন্য অনুপোষিত খনিজ তেল
- Y9 বর্জ্য তেল/পানি, হাইড্রোকার্বন/পানির মিশ্রণ, ইমালশন
- Y10 পলিক্লোরিনেটেড বাইফিনাইল (পিসিবি) এবং/অথবা পলিক্লোরিনেটেড টারফিনাইল (পিসিটি) এবং/অথবা পলিবাইব্রোমিনেটেড বাইফিনাইল (পিবিবি) ইত্যাদি যুক্ত বা ইত্যাদি দ্বারা দূষিত দ্রব্য বা জিনিসপত্র
- Y11 রিফাইনিং, ডিস্টিলেশন বা পাইরোলাইটিক ট্রিটমেন্ট থেকে প্রাপ্ত টারযুক্ত অবশিষ্ট বর্জ্য
- Y12 কালি, ডাইজ, পিগমেন্ট, পেইন্ট, ল্যাকার, বার্নিশ ইত্যাদির প্রস্তুত, উৎপাদন বা ব্যবহার থেকে উদ্ভূত বর্জ্যসমূহ
- Y13 রেজিন, ল্যাটেক্স, প্লাস্টিসাইজার, গরু/অ্যাডহেসিভ ইত্যাদির উৎপাদন, প্রস্তুতি ও ব্যবহার থেকে উদ্ভূত বর্জ্যসমূহ
- Y14 গবেষণা ও শিক্ষাকার্যে ব্যবহৃত এমন সব রাসায়নিক দ্রব্য যা এখনও নতুন বা যার সম্পর্কে মানুষ এখনও সম্পূর্ণ অবগত নয়, বা মানুষ বা পরিবেশের উপর যার প্রভাব সম্পর্কে এখনও অজ্ঞাত
- Y15 অন্যান্য আইন বহির্ভূত বিস্ফোরক প্রকৃতির বর্জ্যসমূহ
- Y16 আলোকচিত্র বা ফটোগ্রাফিতে বা ফটোগ্রাফিক প্রক্রিয়ায় ব্যবহৃত কেমিক্যালের উৎপাদন, প্রস্তুতি ও ব্যবহার থেকে উদ্ভূত বর্জ্যসমূহ
- Y17 ধাতু ও প্লাস্টিকের সারফেস ট্রিটমেন্ট থেকে উদ্ভূত বর্জ্য
- Y18 শিল্প-বর্জ্য নিষ্কাশন প্রক্রিয়া/কার্যক্রম থেকে উদ্ভূত অবশিষ্ট

**পরিশিষ্ট ১খ: অতিরিক্ত হাজার্ডযুক্ত উপাদান সমৃদ্ধ বর্জ্যসমূহ**

- Y19** মেটাল কার্বোনিল
- Y20** বেরিলিয়াম: বেরিলিয়াম যৌগসমূহ
- Y21** হেক্সাভ্যালেন্ট ক্রেমিয়াম যৌগসমূহ
- Y22** তাম্র/কপার যৌগসমূহ
- Y23** দস্তা/জিঙ্ক যৌগসমূহ
- Y24** আর্সেনিক: আর্সেনিক যৌগসমূহ
- Y25** সeleniyam: সeleniyam যৌগসমূহ
- Y26** ক্যাডমিয়াম: ক্যাডমিয়াম যৌগসমূহ
- Y27** অ্যান্টিমনি: অ্যান্টিমনি যৌগসমূহ
- Y28** টেলারিয়াম: টেলারিয়াম যৌগসমূহ
- Y29** পারদ: পারদ যৌগসমূহ
- Y30** থ্যালিয়াম: থ্যালিয়াম যৌগসমূহ
- Y31** সীসা: সীসা যৌগসমূহ
- Y32** ক্যালসিয়াম ফ্লোরাইড ব্যতীত অজৈব ফ্লোরিন যৌগসমূহ
- Y33** অজৈব সায়ানাইড
- Y34** এসিড দ্রবণ বা কঠিন আকারে এসিড
- Y35** ক্ষারীয় দ্রবণ বা কঠিন আকারে ক্ষার
- Y36** অ্যাসবেস্টোস (ধূলা এবং তন্তু)
- Y37** জৈব ফসফরাস যৌগসমূহ
- Y38** জৈব সায়ানাইড
- Y39** ফেনল: ক্লোরোফেনল সহ ফেনল যৌগসমূহ
- Y40** ইথার
- Y41** হ্যালোজেনেটেড জৈব দ্রবণ
- Y42** হ্যালোজেনেটেড দ্রবণ ব্যতীত জৈব দ্রবণসমূহ
- Y43** যে কোনো কনজেনের বা পলিক্লোরিনেটেড ডাইবেনজো-ফিউরান
- Y44** যে কোনো কনজেনের বা পলিক্লোরিনেটেড ডাইবেনজো-পি-ডাইঅক্সিন
- Y45** Y 1-44-এ উল্লেখিত উপাদানগুলো ব্যতীত অর্গানোহ্যালোজেন যৌগসমূহ

## পরিশিষ্ট ২: হাজার্ডযুক্ত বর্জ্যের বৈশিষ্ট্যসমূহ ও বর্জ্য প্রবাহের তালিকা

শ্রেণীবিভাগের সুবিধার্থে পরিশিষ্ট ২ক (প্রক্রিয়াসমূহের তালিকা)-তে হাজার্ডযুক্ত বর্জ্য প্রবাহকে সনাক্ত ও তালিকাভুক্ত করে x চিহ্নিত করা হয়েছে।

যেসব ক্ষেত্রে পরিশিষ্ট ২ক-তে বর্জ্য প্রবাহসমূহকে হাজার্ডযুক্ত হিসেবে চিহ্নিত করা হয়নি অথচ সেগুলোতে নিম্নোক্ত তালিকায় (পরিশিষ্ট ২ক) উল্লেখিত হাজার্ডযুক্ত বৈশিষ্ট্যসমূহের কোনটি বিরাজ করে তবে সেগুলোকে হাজার্ডযুক্ত বর্জ্য হিসেবে গণ্য করা হবে এবং অধ্যায় ৩.২ অনুযায়ী এসবের নিষ্কাশন বা ডিসপোজাল করা হবে।

পরিশিষ্ট ২ক-তে যেসব বর্জ্য প্রবাহসমূহকে হাজার্ডযুক্ত হিসেবে চিহ্নিত করা হয়নি অথচ সেগুলো পরিশিষ্ট ১ (সর্বাধিক হাজার্ডযুক্ত বর্জ্য উৎপাদকারী শিল্পসমূহ)-এর শর্তসমূহ পূরণ করে সেগুলোকেও হাজার্ডযুক্ত বর্জ্য হিসেবে গণ্য করা হবে এবং সে-অনুযায়ী সেগুলোর নিষ্কাশন বা ডিসপোজাল করা হবে।

পরিশিষ্ট ১ক-তে বর্ণিত হাজার্ডযুক্ত শিল্পসমূহ থেকে উদ্ভূত স্লাজ অথবা যে স্লাজে পরিশিষ্ট ১ক-তে তালিকাভুক্ত উপাদানসমূহ বিরাজ করে সেগুলোতে নিম্নোল্লিখিত হাজার্ডযুক্ত বৈশিষ্ট্যসমূহের তালিকায় বর্ণিত হাজার্ডযুক্ত বৈশিষ্ট্য থাকার আরো বেশী সম্ভাবনা থাকে। সুতরাং সেগুলোকে এই ডকুমেন্টের উদ্দেশ্যানুযায়ী হাজার্ডযুক্ত বর্জ্য প্রবাহ হিসেবে শ্রেণীবদ্ধ করতে হবে। মানবস্বাস্থ্য ও পরিবেশের উচ্চ নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যেই এমনটা করতে হবে এবং এটি একটি সতর্কতামূলক পন্থা। স্লাজ উৎপাদক নির্দিষ্ট কোনো আইনের শর্তাদি ব্যবহার করে এই মর্মে প্রমাণ দাখিল করতে পারেন যে, পরিশিষ্ট ২ক-তে তালিকাভুক্ত হাজার্ডযুক্ত বৈশিষ্ট্যসমূহ তার স্লাজে নেই, এবং সে-অনুযায়ী উক্ত স্লাজকে হাজার্ডযুক্ত স্লাজ হিসেবে পরিগণিত হওয়া থেকে নিষ্কৃতি পেতে পারেন। এছাড়া উদাহরণ হিসেবে, শিল্পে প্রযুক্ত প্রক্রিয়ার বর্ণনা এবং ব্যবহৃত কেমিক্যাল/উপাদান সম্পর্কে ইউরোপীয় কেমিক্যাল এজেন্সী (ইসিএইচএ) প্রদত্ত তথ্যানুযায়ী একে শ্রেণীবদ্ধ করা যেতে পারে।

(<http://echa.europa.eu/web/guest/information-on-chemicals/cl-inventory-database>).

**পরিশিষ্ট ২ক: হাজার্ডযুক্ত বৈশিষ্ট্যসমূহের তালিকা**  
(বাসেল কনভেনশন, জানুয়ারী ২০১১-এর সর্বাধিক সর্বাধিক ভাষানুবাদ)

### এইচ ১ বিস্ফোরক

এই বিস্ফোরক উপাদান বা বর্জ্য হলো এমন একটি কঠিন বা তরল উপাদান বা বর্জ্য (অথবা উপাদানসমূহের বা বর্জ্যের মিশ্রণ) যা রাসায়নিক বিক্রিয়ায় নিজেই এমন তাপমাত্রায়, চাপে এবং গতিতে গ্যাস উৎপাদনে সক্ষম যার ফলে তার আশপাশে ক্ষতি সাধন করতে পারে।

### এইচ ৩ দাহ্য তরল বা ফ্লামেবল লিকুইডস

‘ফ্লামেবল’ শব্দটি ‘দাহ্য’ শব্দটির সমার্থক। দাহ্য তরল হচ্ছে তরল বা তরলসমূহের মিশ্রণ, অথবা কঠিন মিশ্রিত তরল বা সাসপেনশন (যেমন, পেইন্ট, বার্নিশ, ল্যাকার, ইত্যাদি)। কিন্তু এমন কোন বর্জ্য নয় যাতে হাজার্ডযুক্ত বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে তাদের অন্যভাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে), যা ৬০.৫০ সে. অনধিক দাহ্য বাষ্প

উৎপাদন করে (ক্লোজড-কাপ টেস্ট), অথবা ৬৫.৬০ সে. দাহ্য বাষ্প উৎপাদন করে (ওপেন-কাপ টেস্ট)। (যেহেতু ক্লোজড-কাপ টেস্ট ও ওপেন-কাপ টেস্ট যথাযথভাবে তুলনীয় নয়, এমনকি স্বতন্ত্র টেস্টসমূহের ফলাফলগুলো প্রায়শই পরিবর্তনশীল, সেহেতু সংজ্ঞাসমূহের যথার্থতা রবায় উপরোল্লিখিত সংখ্যাসমূহ থেকে ভিন্ন হওয়া বিধিবিধানসমূহের পরিবর্তনশীলতার সমন্বয় সাধনের লক্ষে অনুমোদন করা যেতে পারে।)

#### এইচ ৪.১ দাহ্য কঠিন বস্তু

বিস্ফোরক হিসেবে শ্রেণীবদ্ধ নয় এমন কঠিন বা কঠিন বর্জ্যসমূহ, যা পরিবহনকালে তাৎক্ষণিকভাবে বিস্ফোরণযোগ্য অথবা যা ঘর্ষণের ফলে আগুন জ্বলে যেতে পারে।

#### এইচ ৪.২ স্বতঃস্ফূর্ত বিস্ফোরণযোগ্য উপাদান বা বর্জ্যসমূহ

পরিবহনকালে সংঘটিত স্বাভাবিক পরিস্থিতিতে উত্তপ্ত হওয়ার প্রবণতা আছে অথবা বাতাসের সংস্পর্শে উত্তপ্ত হয়ে উঠে আগুন উঠতে পারে এমন উপাদান বা বর্জ্যসমূহ।

#### এইচ ৪.৩ পানির সংস্পর্শে দাহ্য গ্যাস নির্গত করে এমন উপাদান বা বর্জ্যসমূহ

যেসব উপাদান বা বর্জ্য পানির সাথে মিথস্ক্রিয়ায় স্বতঃস্ফূর্তভাবে দাহ্য হয়ে পড়ে অথবা হ্যাজার্ডযুক্ত পরিমাণে দাহ্য গ্যাস নির্গত করে।

#### এইচ ৫.১ অক্সিডাইজিং

যেসব উপাদান বা বর্জ্য নিজেরা আবশ্যিকীয়ভাবে দাহ্য না অথচ অক্সিজেন নির্গত করার মাধ্যমে অন্য উপাদান বা বস্তুর প্রোজ্জ্বলন ঘটায় বা ঘটাতে সাহায্য করে।

#### এইচ ৫.২ জৈব বা অর্গানিক পারঅক্সাইড

তাপীয়ভাবে অ-স্থির দ্বিযোজী-ও-ও-গঠনবিশিষ্ট (bivalent-o-o-structure) উপাদান বিদ্যমান যা এক্সোথার্মিক সেক্স-এক্সেলারেটিং ডিকম্পোজিশনের মধ্য দিয়ে যেতে পারে এমন জৈব উপাদান বা বর্জ্য।

#### এইচ ৬.১ বিষাক্ত (একিউট)

যেসব উপাদান বা বর্জ্য গলাধঃকরণের মাধ্যমে, নিঃশ্বাস-প্রশ্বাসের মাধ্যমে বা ত্বকের সংস্পর্শে এসে মানব স্বাস্থ্যের ক্ষতি করতে পারে বা মৃত্যুর কারণ হতে পারে।

#### এইচ ৬.২ সংক্রামক উপাদান

পশু বা মানবস্বাস্থ্যের ক্ষতি করতে পারে এমন সম্ভাব্য অণুজীব বা এ জাতীয় বিষাক্ততা সম্পন্ন উপাদান।

#### এইচ ৮ ক্ষয়কারী (করোসিভ) উপাদান

যা রাসায়নিক ক্রিয়ায় জীবিত টিস্যুর সংস্পর্শে এসে তীব্র ক্ষতি সাধন করতে পারে, অথবা লিকেজের কারণে, পরিবাহী কোনকিছুর বস্তুগত ক্ষতি সাধন করতে বা ধ্বংস করতে বা অন্য যে কোনরকম ক্ষতি সাধন করতে পারে এমন উপাদান বা বর্জ্যসমূহ।

#### এইচ ১০ বায়ু বা পানির সংস্পর্শে বিষাক্ত গ্যাসের নির্গমন

যা পানি বা বায়ুর সংস্পর্শে এসে হ্যাজার্ডযুক্ত পরিমাণে বিষাক্ত গ্যাস উদগীরণ করতে পারে এমন উপাদান বা বর্জ্যসমূহ

#### এইচ ১১ টক্সিক (দীর্ঘস্থায়ী বা বিলম্বিত)

যা শ্বাসগ্রহণ, গলাধঃকরণ, বা ত্বকের অভ্যন্তরে প্রবেশ করার মাধ্যমে বিলম্বিত বা দীর্ঘস্থায়ী প্রভাব সৃষ্টি করতে পারে এমনকি ক্যান্সারের কারণ হতে পারে এমন উপাদান বা বর্জ্য।

#### এইচ ১২ ইকোটক্সিক

যা উদ্ভীরণের কারণে বায়োঅ্যাকুমুলেশনের মাধ্যমে বা বিষক্রিয়ার মাধ্যমে জৈব পরিবেশ বা বায়োটিক সিস্টেমের উপর তাৎক্ষণিক বা বিলম্বিত ক্ষতিকর প্রভাব ফেলতে পারে এমন উপাদান বা বর্জ্যসমূহ।

এইচ ১৩ নিষ্কাশনের পর যে-কোনো উপায়ে অন্য বস্তু বা পদার্থ তৈরী করায় সক্ষম, যেমন লিচেট, যা উপরোল্লিখিত তালিকাভুক্ত বৈশিষ্ট্যসমূহের যে-কোনোটি রক্ষা করে।

#### পরিশিষ্ট ২খ: বর্জ্য প্রক্রিয়ার তালিকা

নিম্নলিখিত তালিকাটিতে স্লাজ উৎপাদন সম্পর্কিত ইউরোপীয় বর্জ্য-তালিকা (ইউরোপিয়ান ওয়েস্ট লিস্ট) অনুযায়ী সকল প্রক্রিয়াসমূহকে বিবেচনা করা হয়েছে (এই কারণে সংখ্যাগুলো ক্রম রক্ষা করেনি)। যখন পরিশিষ্ট ২খ অনুযায়ী তথাকথিত মিরর এন্ট্রির মাধ্যমে বর্জ্যের শ্রেণীবদ্ধকরণের সময়, অর্থাৎ নির্দিষ্ট একটি বর্জ্য প্রবাহকে দুইটি এন্ট্রি করার সময়, একটিতে হ্যাজার্ডযুক্ত আবার আরেকটিতে হ্যাজার্ডমুক্ত হিসেবে চিহ্নিত করা হয়েছে তখন উক্ত বর্জ্যপ্রবাহকে হ্যাজার্ডযুক্ত হিসেবে শ্রেণীবদ্ধ করতে হবে, যদি না এর উৎপাদক প্রমাণ করতে পারেন যে উক্ত স্লাজ পরিশিষ্ট ২ক-এর বর্ণনানুযায়ী কোনো হ্যাজার্ডযুক্ত বৈশিষ্ট্য ধারণ করে না। হ্যাজার্ডযুক্ত প্রবাহসমূহ ইংরেজী এক্স অক্ষর (বা ক্রস) দ্বারা চিহ্নিত করা হয়।

সারণির সংখ্যা কোড	
০১	খনিজের অনুসন্ধান, খনন, ভৌত বা রাসায়নিক ট্রিটমেন্ট উদ্ভূত বর্জ্যসমূহ
০২	কৃষিকাজ, উদ্যানকর্ষণ (হার্টিকালচার), মৎস্যচাষ, বনায়ন, শিকার বা মৎস্য শিকার, খাদ্য প্রস্তুত এবং প্রক্রিয়াজাতকরণ থেকে উদ্ভূত বর্জ্যসমূহ
০৩	কাঠ প্রক্রিয়াজাতকরণ ও প্যানেল ও আসবাবপত্র উৎপাদন, পাল্প বা মণ্ড, কাগজ এবং কার্ডবোর্ড তৈরী থেকে উদ্ভূত বর্জ্যসমূহ
০৪	চামড়া, ফার, এবং বস্ত্রশিল্প উদ্ভূত বর্জ্যসমূহ
০৫	পেট্রোলিয়াম রিফাইনিং, প্রাকৃতিক গ্যাস পিউরিফিকেশন, এবং কয়লার পাইরোলাইটিক ট্রিটমেন্ট উদ্ভূত বর্জ্যসমূহ
০৬	অজৈব রাসায়নিক প্রক্রিয়া থেকে উদ্ভূত বর্জ্য সমূহ
০৭	জৈব-রাসায়নিক প্রক্রিয়া উদ্ভূত বর্জ্যসমূহ
০৮	কোটিং (পেইন্ট, বার্নিশ, ভিট্রিয়াস এনামেল), অ্যাডহেসিভ, সিল্যান্ট, এবং ছাপার কালি ইত্যাদির উৎপাদন, প্রস্তুতি, সরবরাহ, এবং ব্যবহার (এমএফএসইউ) উদ্ভূত বর্জ্যসমূহ
০৯	আলোকচিত্রশিল্প থেকে উদ্ভূত বর্জ্যসমূহ
১০	তাপীয় প্রক্রিয়া বা থার্মাল প্রসেস উদ্ভূত বর্জ্যসমূহ
১১	কেমিক্যাল সারফেস ট্রিটমেন্ট, ধাতু এবং অন্যান্য উপাদানের ট্রিটমেন্ট ও কোটিং, নন-ফেরাস হাইড্রোমেটালার্জি ইত্যাদি থেকে উদ্ভূত বর্জ্যসমূহ
১২	ধাতু এবং প্লাস্টিকের আকৃতিদান বা ভৌত এবং যান্ত্রিক ট্রিটমেন্ট থেকে উদ্ভূত বর্জ্যসমূহ

১৩	তৈল বর্জ্য অথবা তরল জ্বালানী (ভোজ্য তেল ব্যতীত, ০৫ এবং ১২)
১৪	বর্জ্য জৈব দ্রাবকসমূহ, রেফ্রিজারেন্ট এবং প্রপেল্যান্টসমূহ (০৭ এবং ০৮ ব্যতীত)
১৫	বর্জ্য প্যাকেজিং, অ্যাবজরবেন্ট, মোছার কাপড়, ফিল্টার উপাদান, নিরাপত্তা বা প্রোটেক্টিং কাপড় (অন্যভাবে নির্দেশিত নয় এমন)
১৬	তালিকায় অন্যভাবে অন্তর্ভুক্ত নয় এমন বর্জ্যসমূহ
১৭	নির্মাণশিল্প এবং ডেমোলিশন বর্জ্যসমূহ (দূষিত ক্ষেত্র থেকে খুঁড়ে তোলা মাটি সহ)
১৮	মানব ও পশুর স্বাস্থ্য সেবা সম্পর্কিত গবেষণা উদ্ভূত বর্জ্যসমূহ (সরাসরি স্বাস্থ্য সেবার সাথে সংশ্লিষ্ট নয় এমন রান্নাঘর বা রেস্টোরার বর্জ্যসমূহ ব্যতীত)
১৯	বর্জ্য ব্যবস্থাপনা ফ্যাসিলিটি, অফ-সাইট তরলবর্জ্য ট্রিটমেন্ট প্ল্যান্ট, এবং মানুষের পানের জন্য বা শিল্পে ব্যবহারের উদ্দেশ্যে পানির প্রস্তুতি ইত্যাদি উদ্ভূত বর্জ্যসমূহ
২০	পৃথকভাবে সংগৃহীত আর্থিক সহ শহরাঞ্চলের বর্জ্যসমূহ (গৃহস্থালি বর্জ্য, এবং সমজাতীয় বাণিজ্যিক, শিল্প এবং সংস্থা থেকে উদ্ভূত বর্জ্যসমূহ)

০১	খনিজ অনুসন্ধান, খনন, খনিজ উত্তোলন, এবং খনিজদ্রব্যের ভৌত ও রাসায়নিক ট্রিটমেন্ট থেকে উদ্ভূত বর্জ্যসমূহ হাজার্ডযুক্ত	
০১ ০১	খনিজ খনন থেকে প্রাপ্ত বর্জ্য	
০১ ০১ ০১	খনিজের মেটালিফেরাস খনন থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০১ ০১ ০২	খনিজের নন-মেটালিফেরাস খনন থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০১ ০৩	মেটালিফেরাস খনিজের ভৌত ও রাসায়নিক প্রক্রিয়া থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০১ ০৩ ০৪	সালফাইড আকরের এসিড উৎপাদনকারী টেইলিং	X
০১ ০৩ ০৫	বিপদজনক উপাদানসমৃদ্ধ অন্যান্য টেইলিং	X
০১ ০৩ ০৬	০১ ০৩ ০৪ এবং ০১ ০৩ ০৫-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের টেইলিংসমূহ	
০১ ০৩ ০৭	মেটালিফেরাস খনিজের ভৌত ও রাসায়নিক প্রক্রিয়া উদ্ভূত বিপদজনক উপাদানসমৃদ্ধ অন্যান্য বর্জ্যসমূহ	X
০১ ০৩ ০৮	০১ ০৩ ০৭-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের ধূলাকার বা চূর্ণিত (পাউডারের মত) বর্জ্যসমূহ	
০১ ০৩ ০৯	০১ ০৩ ০৭-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের অ্যালুমিনা উৎপাদন থেকে প্রাপ্ত লাল কাদামাটি বা কাদা	
০১ ০৩ ১৯	ভিন্নভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
০১ ০৪	নন-মেটালিফেরাস খনিজের ভৌত ও রাসায়নিক প্রক্রিয়া থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০১ ০৪ ০৭	নন-মেটালিফেরাস খনিজের ভৌত ও রাসায়নিক প্রক্রিয়া থেকে প্রাপ্ত বিপদজনক উপাদানসমৃদ্ধ বর্জ্যসমূহ	X
০১ ০৪ ০৮	০১ ০৪ ০৭-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের বর্জ্য নুড়িপাথর ও চূর্ণিত পাথরসমূহ	
০১ ০৪ ০৯	বর্জ্য বালি ও কাদা	
০১ ০৪ ১০	০১ ০৪ ০৭-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের ধূলাকার বা চূর্ণিত (পাউডারের মত) বর্জ্যসমূহ	
০১ ০৪ ১১	০১ ০৪ ০৭-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের পটাশ এবং রক সল্ট (খনিজ লবণ) প্রক্রিয়ালব্ধ বর্জ্যসমূহ	
০১ ০৪ ১২	০১ ০৪ ০৭ ও ০১ ০৪ ১১-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের খনিজের যৌতকরণ ও পরিষ্কারকরণ উদ্ভূত টেইলিং এবং অন্যান্য বর্জ্যসমূহ	
০১ ০৪ ১৩	০১ ০৪ ০৭-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের পাথর কাটা (ও করাট দ্বারা কাটা) থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০১ ০৪ ১৯	ভিন্নভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
০১ ০৫	কাদা ড্রিলিং ও অন্যান্য ড্রিলিং থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	

০১ ০৫ ০৪	মিঠা পানির ড্রিলিং থেকে প্রাপ্ত কাদা এবং বর্জ্যসমূহ	
০১ ০৫ ০৫	তেলযুক্ত ড্রিলিং-কাদা ও বর্জ্যসমূহ	X
০১ ০৫ ০৬	বিপদজনক উপাদানযুক্ত ড্রিলিং-কাদা ও অন্যান্য ড্রিলিং বর্জ্যসমূহ	X
০১ ০৫ ০৭	০১ ০৫ ০৫ ও ০১ ০৫ ০৬-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের ব্যারাইটসমৃদ্ধ ড্রিলিং-কাদা ও বর্জ্যসমূহ	
০১ ০৫ ০৮	০১ ০৫ ০৫ ও ০১ ০৫ ০৬-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের ক্লোরাইডসমৃদ্ধ ড্রিলিং-কাদা ও বর্জ্যসমূহ	
০১ ০৫ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০২</b>	<b>কৃষিকাজ, উদ্যানকর্ষণ, মৎস্যচাষ, বনায়ন, শিকার ও মৎস্য শিকার, খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াকরণ থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ</b>	
<b>০২ ০১</b>	<b>কৃষিকাজ, উদ্যানকর্ষণ, মৎস্যচাষ, বনায়ন, শিকার ও মৎস্য শিকার, খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াকরণ থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ</b>	
০২ ০১ ০১	ধৌত ও পরিষ্কারকরণ থেকে প্রাপ্ত স্লাজসমূহ	
০২ ০১ ০২	পশু-টিস্যু বর্জ্য	
০২ ০১ ০৩	উদ্ভিদ-টিস্যু বর্জ্য	
০২ ০১ ০৪	বর্জ্য প্লাস্টিক (প্যাকেজিং ব্যতীত)	
০২ ০১ ০৬	পৃথকভাবে সংগৃহীত এবং অফ-সাইট প্রক্রিয়াকৃত/শোধনকৃত পশুর মল, মূত্র ও সার (পচা খড়সহ), অ্যাক্সিয়েন্ট	
০২ ০১ ০৭	বনায়ন থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০২ ০১ ০৮	বিপদজনক উপাদানসমৃদ্ধ অ্যাথ্রোকেমিক্যাল বর্জ্য	X
০২ ০১ ০৯	০২ ০১ ০৮-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের অ্যাথ্রোকেমিক্যাল বর্জ্য	
০২ ০১ ১০	বর্জ্য ধাতু	
০২ ০১ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০২ ০২</b>	<b>মাছ, মাংস এবং অন্যান্য প্রাণীজ উৎসের খাদ্যের প্রস্তুতিকরণ বা প্রক্রিয়াকরণ উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
০২ ০২ ০১	ধৌতকরণ ও পরিষ্কারকরণ থেকে উদ্ভূত স্লাজসমূহ	
০২ ০২ ০২	পশু-টিস্যু বর্জ্য	
০২ ০২ ০৩	খাওয়া বা প্রক্রিয়াকরণের অযোগ্য উপাদানসমূহ	
০২ ০১ ০৪	অন-সাইট এক্সিয়েন্ট থেকে প্রাপ্ত স্লাজসমূহ	
০২ ০২ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০২ ০৩</b>	<b>ফল, সবজি, শস্য, ভোজ্যতেল, কোকো, কফি, চা ও তামাক প্রস্তুতি ও প্রক্রিয়াকরণ, কনজার্ট প্রোডাকশন, ঈস্ট এবং ঈস্ট এক্সট্রাক্ট প্রোডাকশন, বোলাগুড প্রস্তুতি ও উৎপাদন</b>	
০২ ০৩ ০১	ধৌতকরণ, পরিষ্কারকরণ, ছাল ছাড়ানো, সেন্টিফিউজিং, এবং পৃথকীকরণ থেকে উৎপন্ন স্লাজসমূহ	
০২ ০৩ ০২	সংরক্ষণ বা প্রিজার্ভিং এজেন্ট থেকে উৎপন্ন বর্জ্য	
০২ ০৩ ০৩	সলভেন্ট এক্সট্রাকশন থেকে উৎপন্ন বর্জ্য	
০২ ০৩ ০৪	খাওয়া বা প্রক্রিয়াকরণের অনুপযোগী উপাদানসমূহ	
০২ ০৩ ০৫	অন-সাইট এক্সিয়েন্ট থেকে প্রাপ্ত স্লাজসমূহ	
০২ ০৩ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০২ ০৪</b>	<b>চিনি প্রক্রিয়াকরণ থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ</b>	
০২ ০৪ ০১	বিট ধৌত ও পরিষ্কারকরণ উদ্ভূত মাটি/ময়লা	
০২ ০৪ ০২	অনির্দিষ্ট ক্যালসিয়াম কার্বোনেট	
০২ ০৪ ০৩	অন-সাইট এক্সিয়েন্ট প্ল্যান্ট থেকে প্রাপ্ত স্লাজ	
০২ ০৪ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০২ ০৫</b>	<b>দুগ্ধজাত পণ্য শিল্প থেকে উৎপন্ন বর্জ্যসমূহ</b>	

০২ ০৫ ০১	খাওয়া বা প্রক্রিয়াকরণের অনুপযোগী উপাদানসমূহ	
০২ ০৫ ০২	অন-সাইট এফ্লুয়েন্ট প্ল্যান্ট থেকে প্রাপ্ত স্লাজ	
০২ ০৫ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০২ ০৬</b>	<b>বেকিং ও কফেকশনারী শিল্প উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
০২ ০৬ ০১	খাওয়া বা প্রক্রিয়াকরণের অনুপযোগী উপাদানসমূহ	
০২ ০৬ ০২	সংরক্ষণ বা প্রিজার্ভিং এজেন্ট থেকে বর্জ্য	
০২ ০৬ ০৩	অন-সাইট এফ্লুয়েন্ট প্ল্যান্ট থেকে প্রাপ্ত স্লাজ	
০২ ০৬ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০২ ০৭</b>	<b>অ্যালকোহলিক ও নন-অ্যালকোহলিক পানীয় উৎপাদন উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
০২ ০৭ ০১	কাঁচামাল ধৌতকরণ, পরিষ্কারকরণ ও যান্ত্রিক রিডাকশন থেকে উদ্ভূত বর্জ্যসমূহ	
০২ ০৭ ০২	স্পিরিট ডিস্টিলেশন/পাতন উদ্ভূত বর্জ্যসমূহ	
০২ ০৭ ০৩	রাসায়নিক ট্রিটমেন্ট উদ্ভূত বর্জ্যসমূহ	
০২ ০৭ ০৪	খাওয়া বা প্রক্রিয়াকরণের অনুপযোগী উপাদানসমূহ	
০২ ০৭ ০৫	অন-সাইট এফ্লুয়েন্ট প্ল্যান্ট থেকে প্রাপ্ত স্লাজ	
০২ ০৭ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০৩</b>	<b>কাঠ প্রক্রিয়াকরণ এবং প্যানেল, আসবাবপত্র, পাল্প, কাগজ ও কার্ডবোর্ড উৎপাদন উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
<b>০৩ ০১</b>	<b>কাঠ প্রক্রিয়াকরণ এবং প্যানেল ও আসবাবপত্র উৎপাদন উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
০৩ ০১ ০১	বর্জ্য বাকল ও কর্ক	
০৩ ০১ ০৪	বিপদজনক উপাদান সম্বলিত করাতগুঁড়া, চিলতে, কাঠ, পার্টিক্যাল বোর্ড এবং ভিনিয়ার	
০৩ ০১ ০৫	০৩ ০১ ০৪-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের করাতগুঁড়া, চিলতে, কাঠ, পার্টিক্যাল বোর্ড এবং ভিনিয়ার	
০৩ ০১ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০৩ ০২</b>	<b>কাঠ সংরক্ষণ প্রক্রিয়া থেকে উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
০৩ ০২ ০১	নন-হ্যালোজেনেট অর্গানিক উড প্রিজার্ভেটিভ	X
০৩ ০২ ০২	নন-ক্লোরিনেটেড উড প্রিজার্ভেটিভ	X
০৩ ০২ ০৩	অর্গানোমেটালিক উড প্রিজার্ভেটিভ	X
০৩ ০১ ০৪	অজৈব উড প্রিজার্ভেটিভ	X
০৩ ০১ ০৫	বিপদজনক উপাদান সম্বলিত অন্যান্য উড প্রিজার্ভেটিভ	X
০৩ ০১ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন উড প্রিজার্ভেটিভ	
<b>০৩ ০৩</b>	<b>মণ্ড, কাগজ এবং কার্ডবোর্ড উৎপাদন এবং প্রক্রিয়াজাতকরণ থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ</b>	
০৩ ০৩ ০১	বর্জ্য বাকল ও কাঠ	
০৩ ০৩ ০২	সবুজ লিকার স্লাজ (কুকিং লিকার থেকে পুনরুদ্ধারকৃত)	
০৩ ০৩ ০৫	কাগজ রিসাইক্লিং থেকে ডি-ইথকিং স্লাজসমূহ	
০৩ ০৩ ০৭	বর্জ্য কাগজ ও কার্ডবোর্ডের পাল্পিং থেকে যান্ত্রিকভাবে পৃথকীকৃত বাতিল অংশ	
০৩ ০৩ ০৮	রিসাইক্লিংয়ের উদ্দেশ্যে কাগজ ও কার্ডবোর্ডের সটিং থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০৩ ০৩ ০৯	চুনা-কাদা বা লাইম-মাড বর্জ্য	
০৩ ০৩ ১০	যান্ত্রিক পৃথকীকরণ থেকে প্রাপ্ত ফাইবারের বাতিল অংশ, ফাইবার, ফিল্টার এবং কোটিং স্লাজসমূহ	
০৩ ০৩ ১১	০৩ ০৩ ১০-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের অন-সাইট এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট থেকে প্রাপ্ত স্লাজসমূহ	
০৩ ০৩ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০৪</b>	<b>চামড়া, ফার এবং বস্ত্রশিল্প থেকে উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
<b>০৪ ০১</b>	<b>চামড়া এবং ফার শিল্প উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
০৪ ০১ ০১	ফ্লেশিং এবং লাইম-স্প্লট বর্জ্যসমূহ	

০৪ ০১ ০২	লাইমিং বর্জ্য	
০৪ ০১ ০৩	লিকুইড ফেজবিহীন দ্রাবক বা সলভেন্ট সমৃদ্ধ ডিগ্রীজিং বর্জ্যসমূহ	X
০৪ ০১ ০৪	ক্রোমিয়ামযুক্ত ট্যানিং লিকার	X
০৪ ০১ ০৫	ক্রোমিয়ামযুক্ত ট্যানিং লিকার	
০৪ ০১ ০৬	বিশেষ করে ক্রোমিয়ামযুক্ত অন-সাইট এফ্লুয়েন্ট থেকে পাওয়া বর্জ্যসমূহ	
০৪ ০১ ০৭	বিশেষ করে ক্রোমিয়ামযুক্ত অন-সাইট এফ্লুয়েন্ট থেকে পাওয়া বর্জ্যসমূহ	
০৪ ০১ ০৮	ক্রোমিয়ামযুক্ত ট্যানকৃত চামড়া (ব্লু শিটিংস, শেভিংস, কাটিংস, বাফিং ডাস্ট)	
০৪ ০১ ০৯	ড্রেসিং এবং ফিনিশিং থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০৪ ০১ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০৪ ০২</b>	<b>বস্ত্রশিল্প উদ্ভূত বর্জ্যসমূহ</b>	
০৪ ০২ ০৯	কম্পোজিট উপাদান থেকে উদ্ভূত বর্জ্যসমূহ (ইম্প্রোগনেটেড টেক্সটাইল, ইলাস্টোমার, প্লাস্টোমার)	
০৪ ০২ ১০	প্রাকৃতিক পণ্য থেকে উদ্ভূত জৈব উপাদান (যেমন, হীজ, মোম)	
০৪ ০২ ১৪	জৈব দ্রাবকসমৃদ্ধ ফিনিশিং থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	X
০৪ ০২ ১৫	০৪ ০২ ১৪-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের ফিনিশিং থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০৪ ০২ ১৬	বিপদজনক উপাদানসমৃদ্ধ ডাইস্টাফ ও পিগমেন্টসমূহ	X
০৪ ০২ ১৭	০৪ ০২ ১৬-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের ডাইস্টাফ ও পিগমেন্টসমূহ	
০৪ ০২ ১৯	বিপদজনক উপাদানসমৃদ্ধ অন-সাইট এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট থেকে প্রাপ্ত স্লাজসমূহ	X
০৪ ০২ ২০	০৪ ০২ ১৯-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের অন-সাইট এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট থেকে প্রাপ্ত স্লাজসমূহ	
০৪ ০২ ২১	অপ্রক্রিয়াজাত টেক্সটাইল ফাইবার থেকে প্রাপ্ত স্লাজসমূহ	
০৪ ০২ ২২	প্রক্রিয়াজাত টেক্সটাইল ফাইবার থেকে প্রাপ্ত স্লাজসমূহ	
০৪ ০২ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
<b>০৫</b>	<b>পেট্রোলিয়াম পরিশোধন, প্রাকৃতিক গ্যাস পরিশোধন, এবং কয়লার পাইরোলাইটিক ট্রিটমেন্ট থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ</b>	
<b>০৫ ০১</b>	<b>পেট্রোলিয়াম পরিশোধন বা রিফাইনিং থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ</b>	
০৫ ০১ ০২	ডিসল্টার স্লাজসমূহ	X
০৫ ০১ ০৩	ট্যাংক বটম স্লাজসমূহ	X
০৫ ০১ ০৪	এসিড অ্যালকাইল স্লাজসমূহ	X
০৫ ০১ ০৫	অয়েল স্পিলস	X
০৫ ০১ ০৬	প্ল্যান্ট বা যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ কার্যাবলী উদ্ভূত তৈলাক্ত স্লাজসমূহ	X
০৫ ০১ ০৭	এসিড টার	X
০৫ ০১ ০৮	অন্যান্য টার	X
০৫ ০১ ০৯	বিপদজনক উপাদানসমৃদ্ধ অন-সাইট এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট থেকে প্রাপ্ত স্লাজসমূহ	X
০৫ ০১ ১০	০৫ ০১ ০৯-এ যেগুলোর উল্লেখ আছে এর বাইরের অন-সাইট এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট থেকে প্রাপ্ত স্লাজসমূহ	
০৫ ০১ ১১	বেজসহ জ্বালানীর পরিষ্কারকরণ উদ্ভূত বর্জ্যসমূহ	X
০৫ ০১ ১২	এসিডযুক্ত তেল	X
০৫ ০১ ১৩	বয়লার ফিডওয়াটার স্লাজ	
০৫ ০১ ১৪	কুলিং কলাম থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০৫ ০১ ১৫	স্পেন্ট ফিল্টার ক্লে বা কাদামাটি	X
০৫ ০১ ১৬	পেট্রোলিয়ামের সালফার অবমুক্তকরণ থেকে প্রাপ্ত সালফারসমৃদ্ধ বর্জ্যসমূহ	
০৫ ০১ ১৭	বিটুমিন	
০৫ ০১ ৯৯	ভিনুভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	

০৫ ০৬	কয়লার পাইরোলাইটিক ট্রিটমেন্ট উদ্ভূত বর্জ্যসমূহ	
০৫ ০৬ ০১	এসিড টার	X
০৫ ০৬ ০৩	অন্যান্য টার	X
০৫ ০৬ ০৪	কুলিং কলাম থেকে বর্জ্যসমূহ	
০৫ ০৬ ৯৯	ভিন্নভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
০৫ ০৭	প্রাকৃতিক গ্যাস পিউরিফিকেশন ও পরিবহন থেকে উদ্ভূত বর্জ্যসমূহ	
০৫ ০৭ ০১	মার্কারি/পারদসমৃদ্ধ বর্জ্যসমূহ	X
০৫ ০৭ ০২	সালফারসমৃদ্ধ বর্জ্যসমূহ	
০৫ ০৭ ৯৯	ভিন্নভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
০৬	অজৈব রাসায়নিক প্রক্রিয়া থেকে প্রাপ্ত বর্জ্যসমূহ	
০৬ ০১	এসিড উৎপাদন, প্রস্তুতি, সরবরাহ এবং ব্যবহার থেকে উদ্ভূত বর্জ্যসমূহ	
০৬ ০১ ০১	সালফিউরিক এসিড ও সালফিউরাস এসিড	X
০৬ ০১ ০২	হাইড্রোক্লোরিক এসিড	X
০৬ ০১ ০৩	হাইড্রোফ্লোরিক এসিড	X
০৬ ০১ ০৪	ফসফরিক এবং ফসফরাস এসিড	X
০৬ ০১ ০৫	নাইট্রিক এসিড এবং নাইট্রাস এসিড	X
০৬ ০১ ০৬	অন্যান্য এসিডসমূহ	X
০৬ ০১ ৯৯	ভিন্নভাবে নির্দেশিত নয় এমন বর্জ্যসমূহ	
০৬ ০২	বেজসমূহের উৎপাদন, প্রস্তুতি, সরবরাহ এবং ব্যবহার (এমএফএসইউ) থেকে উদ্ভূত বর্জ্যসমূহ	
০৬ ০২ ০১	ক্যালসিয়াম হাইড্রোক্সাইড	X
০৬ ০২ ০৩	অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড	X
